প্রবালচন্দনং, প্রবালফলং — ক্লীং রক্তচন্দনং। ভা।

প্রবালিকঃ—পুং জীব শাকঃ। রা।

প্রবেপকঃ, প্রবেপনঃ — পুং ক্লীং কম্পঃ। ভা।

প্রবোধনী, প্রবোধিনী — স্ত্রীং দুরালভা। রা।

প্রভঞ্জনঃ—পুং বায়ুঃ। অ।

প্রভদ্রঃ—পুং নিম্ববৃক্ষঃ। নিম্ ভাষা। রা।

প্রভদ্রা—স্ত্রীং প্রসারণী। গন্ধভাদিলা ভাষা রা।

প্রভবং—ক্লীং স্বর্ণং।

প্রভা—স্ত্রীং দীপ্তিঃ। রা।

প্রভাকরঃ—পুং সূর্য্যঃ। অগ্নিঃ। চন্দ্রঃ। সমুদ্রঃ। শব্দর। অর্কবৃক্ষঃ। আকন্দ ভাষা। অ।

প্রভাকীটঃ—পুং খদ্যোতঃ। জোনাকে পোকা ভাষা। রা।

প্রভাঞ্জনঃ—পুং শোভাঞ্জন বৃক্ষঃ। সজনে ভাষা হে

প্রভাতং—ক্লীং প্রাতঃকালঃ। ভোরবেলা ভাষা

প্রভাবঃ—পুং তেজঃ। হে। রসাদি সাম্যে যং কর্ম্ম বিশিষ্টং তৎপ্রভাবজং দ্রব্যং। তেজাল ভাষা।*। যথা।*। দন্তীরসাদ্যৈ স্তুল্যাপি চিত্রকস্য বিরেচনী। মধূকস্যচ মৃদ্বীকা ঘৃতং ক্ষীরস্থ দীপনং। প্রভাবস্থ যথা ধাত্রী লকুচস্যরসাদিভিঃ। সমাপি কুরুতে দোষ ত্রিতয়স্থ বিনাশনং। কেচিত্তু কেবলং দ্রব্যং কর্ম্ম কুর্য্যাৎ প্রভাবতঃ। জ্বরং হন্তি শিরো-বদ্ধা সহদেবী জটা যথা। আমী-মাংসান্য চিন্তানি প্রসিদ্ধানি স্বভাবতঃ। আগমে নোপ যোজ্যানি ভেষজানি বিচক্ষণৈঃ। প্রত্যক্ষলক্ষণ ফলাঃ প্রসিদ্ধাশ্চ স্বভাবতঃ। নৌষধী র্হেতুভির্বীমান্ পরীক্ষেত কথঞ্চন। সহস্রেণাপি হেতূনাং নাম্বষ্ঠাদি র্বিরেচযেৎ তস্মাৎ তিষ্ঠেত্তু মতিমা নাগমে নতু হেতুভিঃ। সুশ্রু।

প্রভিন্নঃ—পুং ক্ষরোন্মদ হস্তী। অ।

প্রভুঃ—পুং পারদঃ। পারাভাষা। রা।

প্রভুভক্তঃ—পুং উত্তমঘোটকঃ। শ।

প্রভ্রংশথুঃ—পুং ভ্রংশথুনাম নাসারোগঃ। ভ।

প্রমথঃ—পুং অশ্বঃ। শব্দর।

প্রমথনং— বিলোড়নং। টেপাভাষা।

প্রমথা—স্ত্রীং হরীতকী। মে।

প্রমথিতং—ক্লীং নির্জ্জলতক্রং। ঘোল ভাষা।

প্রমদঃ—পুং হর্ষঃ। অ। ধুস্তুরফলং। ধুৎরাফল ভাষা। শ।

প্রমদা—স্ত্রীং নারী। রা।

প্রমাথি—ত্রিং বীর্য্যাধিক্য দ্রব্য বিঃ,।*। লক্ষণং যথা।*। নিজবীর্য্যেণ যদ্দ্রব্যং স্রো। তোভ্যো দোষ সঞ্চয়ং। নিরস্যতি প্রমাথি স্যাৎ তদ্ যথা মরিচং বচা। ভা।

প্রমিত ভোজনং—ক্লীং অল্পভোজনং। নিয়মিত ভোজনং। নি।

প্রমীলা—স্ত্রীং তন্দ্রা। আবিল্লীভাষা। অ।

প্রমুখঃ—পুং পুন্নাগবৃক্ষঃ। শ।

প্রমেহঃ—পুং মেহ রোগঃ। ধাত খেরা ভাষা। তৎপর্য্যায়ঃ।*। মেহঃ। মূত্রদোষঃ। রা। বহুমূত্রতা। হে।*। লক্ষণং যথা।*। আস্যসুখং স্বপ্ন সুখং দধীনি গ্রাম্যোদকা। নূপরসাঃ পয়াংসি। নবান্ন পানং গুড় বৈকৃতঞ্চ প্রমেহ হেতুঃ কফকৃচ্চ সর্ব্বং। মেদশ্চ মাংসঞ্চ শরীরজঞ্চ ক্লেদং কফো বস্তি গতং প্রদূষ্য। করোতি মেহান্ সমুদীর্ণ মুষ্ণৈ স্তানেব পিত্তংপরিদূষ্য চাপি। ক্ষীণেষু দোষে ষ্বকৃষ্য ধাতূন্ সংদূষ্য মেহান্ কুরুতেহনিলশ্চ। সাধ্যাঃ কফোত্থা দশ পিত্তজঃ ষট্ যাপ্যা ন স্যাধ্যাঃ পবনা চ্চতুষ্কঃ। সমক্রিয়ত্বাদ্ বিষম ক্রিয়ত্বান্ মহা ত্যয় ত্বাচ্চ যথা ক্রমন্তে। কফশ্চ পিত্তং পবনশ্চ দোষা মে দোস্র শুক্রাম্বু বসা লসীকাঃ। মজ্জা রসৌজঃ পিশিতঞ্চ দূষ্যাঃ প্রমেহীনাং বিংশতি রেব মেহাঃ। নি। অন্যচ্চ।*। স্বেদো হঙ্গ গন্ধঃ শিথিলা ঙ্গতাচ শয্যাসন স্বপ্ন সুখ রতিশ্চ। হৃন্নেত্র জিহ্বা শ্রবণোপদে হো ঘনাঙ্গতা কেশ নখাতি বৃদ্ধিঃ। শীত প্রিয়ত্বং গল তালু শোষো মাধুর্য্য মাস্যে কর পাদ দাহঃ। ভবিষ্যতো মেহ গদস্য রূপং মূত্রেহভি ধাবন্তি পিপীলিকাশ্চ। চর।

প্রমোচনী স্ত্রীং গবাক্ষী। গোড়ুম্বাভাষা। জ।

প্রমোদঃ—পুং হর্ষঃ। অ।

প্রমোদকঃ—পুং ষষ্টিক ধান্য বিঃ, । সুশ্রু।

প্রমোদিনী—স্ত্রীং জিঙ্গিনী বৃক্ষঃ।

প্রমোদী (ন্)—পুং শালি ধান্যবিঃ,। রাধুনী পাগলাভাষা।

প্রষস্তং—পুং ঘৃত চাতুর্জাতাদিনা সংস্কৃত

প্রয়াগঃ—পুং অশ্বঃ। তীর্থভেদঃ। মে। ব্যঞ্জনং। অ।

প্রয়োগঃ—পুং অশ্বঃ। শব্দমা।

প্ররূঢ়ঃ—পুং জঠরং। পেট ভাষা। মে।

প্ররোহঃ—পুং অঙ্কুরঃ। হে।

প্ররোহা—স্ত্রীং শীতলী জটা। শিউলী ছোপ। ভাষা। [। ভাষা। ভা।

প্ররোহী (ন্) পুং স্থালীবৃক্ষঃ। বেলেপিপবহিন্দী

প্রলম্বং—ক্লীং স্বনাম খ্যাত দ্রব্যং। চক্র।

প্রলম্বঃ—পুং লতাঙ্কুরঃ। শাখা। ডাল ভাষা। ত্রপুষঃ। কাঁকুড় ভাষা। মে।

প্রলম্বা—স্ত্রীং দীর্ঘালাবূঃ। লম্বালাউ ভাষা।

প্রলাপ—পুং প্রলাপক সন্নিপাত রোগঃ। বাত-ব্যাধি বিঃ,। বৃথা বকাভাষা। *। লক্ষণং যথা। *। স্বহেতু কুপিতাদ্ বাতা দসং বন্ধ নিরর্থকং। বচনং যন্নরো কুতে সপ্রলাপঃ প্রকীর্ত্তিতঃ। ভা।

প্রলাপকঃ—পুং ত্রয়োদশ সন্নিপাতান্তর্গত সন্নি-পাত বিঃ। *। লক্ষণং যথা। *। যত্রজ্বরে নিখিল দোষ নিতান্ত রোষ জাতে প্রলাপ বহুলাঃ সহসোত্থিতাশ্চ। কম্পব্যথা পতন দাহ বিসংজ্ঞতাঃ স্যু র্নাম্না প্রলাপক ইতি প্রথিতঃ পৃথিব্যাং। *। অন্যচ্চ। *। প্রলাপ তাপ কর্ণার্ত্তিঃ প্রজ্ঞা নাশোহতি তাপবান্। জ্ঞেয়ঃ প্রলাপক শ্চিহ্নৈঃ সন্নিপাতোহতি দায়কঃ। ভা।

প্রলাপহা (ন্) পুং কুলত্থাঞ্জনং। রা।

প্রলাপী (ন্) পুং তন্ত্রান্তরান্তর্গত সন্নিপাত রোগ বিঃ। *। লক্ষণং যথা। *। স্বেদ ভ্রমাঙ্গ ভেদাঃ কম্পো দবথুর্বমি ব্যথা কণ্ঠে। গাত্র-গুর্ব্বতীব প্রলাপিজুষ্টস্য জায়তে লিঙ্গং। ভা।

প্রলেপঃ—পুং লেপনদ্রব্যবিঃ। লেপার জিনিষ ভাষা। *। যথা। *। মাতুলুঙ্গাগ্নি মন্থোচ দেব দারু মহৌষধং। অহিংস্রাচেব রাস্নাচ প্রলেপো বাত শোফ হৃৎ। অন্যং লেপশব্দে দ্রষ্টব্যং। সুশ্রু।

প্রলেপকঃ—পুং বিষমজ্বর বিঃ। *। লক্ষণং যথা। *। প্রলিম্পন্নিব গাত্রাণি ঘর্ম্মেণ গৌরবেণ চ। মন্দজ্বর বিলেপীচ স শীতঃ স্যাৎ প্রলেপকঃ। নি।

প্রলেহঃ—পুং ব্যঞ্জন বিঃ,। দম্পোক্তা, কোর্ম্মা ইতিচ পারস্য ভাষা। পাকরাজে।

প্রবণঃ } পুং বানরঃ। শব্দর। প্রবঙ্গম } (ক্ষীণঃ। ধ।

প্রবণং—বিং উদরং। পেটভাষা। মে।

প্রবয়ণং—ক্লীং প্রতোদঃ। চাবুক ভাষা। হে।

প্রবরং—ক্লীং অগুরুকাষ্ঠং। ভা।

প্রবরঃ—পুং শিম্বিকঃ।

প্রবলাকী (ন্)—পুং সর্পঃ। চিত্রমেখলকঃ। বি।

প্রবহঃ—পুং বায়ুঃ। হে।

প্রবাণী } স্ত্রীং তন্ত্রশলাকা। তাঁতের মাকু প্রবানী } ভাষা। ভ।

প্রবারঃ—পুং বস্ত্রং। কাপড় ভাষা।

প্রবালকঃ—পুং জীবশাকঃ। খড়্গঃ। খাঁড়া ভাষা। শব্দর।

প্রবাহঃ—পুং জলস্রোতঃ। মে।

প্রবাহনী—স্ত্রীং মলদ্বারের প্রথম বলিঃ। সুশ্রু

প্রবাহিকা—স্ত্রীং উদরাময় বিঃ। আমাশা ভাষা। *। লক্ষণং যথা। বায়ুঃপ্রবৃদ্ধো নিচিতং বলাসং নুদত্যধস্তা দহিতাশনস্য প্রবাহ তোহল্পং বহুশো মলাক্তং প্রবাহিকাং তাং প্রবদন্তি তজ্‌জ্ঞাঃ। নি।

প্রবাহিণী—স্ত্রীং গুদস্য প্রথম বলিঃ। মলদ্বারের প্রথম বলি ভাষা। *। যথা। *। প্রবা-

হিনী ভবেৎ পূর্ব্বা সার্দ্ধাঙ্গুলমিতামতা। ভা।

প্রবাহী—স্ত্রীং বালুকা। বালী ভাষা। রা।

প্রবাহুঃ—পুং কূর্পস্যাধোভাগঃ। কুনুইয়ের নীচের হাত ভাষা। ইতি বিষ্ণুপুরাণে।

প্রবিরঃ—পুং ক্লীং পীতকাষ্ঠং। শ।

প্রবিষা—স্ত্রীং অতিবিষা। আতইষ ভাষা। অ।

প্রবৃট্ (ষ্) স্ত্রীং—বর্ষাকালঃ। ত্রি।

প্রবেটঃ—পুং যবঃ। ত্রি।

প্রবেণিঃ } স্ত্রীং বেণী। গজপৃষ্ঠস্থ চিত্র
প্রবেণী } কম্বলং। মে। [হে

প্রবেলঃ—পুং পীতমুদ্গঃ। সোনামুগ ভাষা।

প্রবেষ্টঃ—পুং বাহুঃ। অ। বাহু নীচভাগঃ

প্রব্রজিতা—স্ত্রীং মাংসী। মুণ্ডিরী। মে।

প্রশমঃ } পুং ক্লীং উপশমঃ।
প্রশমনং }

পৃশ্নী—স্ত্রীং বস্থিকা। জলের পানা ভাষা। কি

প্রশ্নৌহী—স্ত্রীং বাল গর্ভিণী। কাঁচা গোয়াতী ভাষা। ভ।

প্রসক্তিঃ—স্ত্রীং প্রসঙ্গঃ।

প্রসঙ্গঃ—পুং মৈথুনং। ।*। যথা।*। প্রসঙ্গ নিত্য দ্রুত পৃষ্ঠ যানাং। বিজ।

প্রসন্নঃ ত্রিংসকষ্টঃ। নির্ম্মলঃ। রা।

প্রসন্না } স্ত্রীং সুরা। মদিরা বিঃ। ।*।
প্রসন্নেরা } গুণাঃ।*। প্রসন্না কফ বাতার্শো বিবন্ধানাহ নাশিনী। পিত্তলাম্ল যথা রুক্ষা যবৈর্বাত প্রকোপিনী। সুশ্রু। অন্যচ্চ।*। প্রসন্না গুল্ম বাতার্শো বিবন্ধানাহ নাশিনী। শূল প্রবাহিকা টোপ কফ বাতার্শ সাংহিতা। বাভ।

প্রসভঃ—পুং বলাৎকারঃ। অ।

প্রসরঃ—পুং নারাচঃ। হ।

প্রসরা—স্ত্রীং প্রসারণী। গন্ধভাদলা ভাষা। রা।

প্রসবঃ—পুং অপত্যং। ফলং। পুষ্পং। মে। গর্ভমোচনং। সন্তান হওয়া ভাষা।*। তৎপর্য্যায়ঃ ।*। প্রসূতিঃ। অ।*। অথ প্রসবস্য মাস নিয়মো যথা।*। নবমে দশমে মাসি নারীগর্ভং প্রসূয়তে। একাদশে দ্বাদশে বা ততোহন্যত্র বিকারতঃ। ভা।

প্রসবকং—পুং প্রিয়ালবৃক্ষঃ। পিয়াল ভাষা। শ।

প্রসববন্ধনং—ক্লীং বন্তং। বোঁটা ভাষা। অ।

প্রসহঃ—পুং আরেবতবৃক্ষঃ। সোনালু ভাষা। জঙ্গাল জাতীয় পক্ষি বিঃ। প্রসহা সহসাদাহৃত্য ভক্ষয়ন্তীতি প্রসহঃ। ভা।

প্রসহনঃ—পুং হিংস্র পশুঃ।*। যথা।*। শার্দ্দূল সিংহ শরভর্ক্ষ তরক্ষু মুখ্যা যে হন্যান প্রসহ্য বিনিহত্য নিবর্ত্তয়ন্তে। তে কীর্ত্তিতাঃ প্রসহনাঃ পললং তদীয় মর্শঃ প্রমেহ জঠরা ময়জাড্য হারি। রা।

প্রসহবর্গঃ—পুং প্রসহজাতীয় পক্ষি সমূহঃ।*। প্রসহ্য ভক্ষয়ন্তীতি প্রসহাস্তেন সংজ্ঞিতাঃ চব।*। তদ্ যথা।*। কাকোগৃধ্র উলূকশ্চ চিল্লশ্চ শশঘাতকঃ। চাসশ্চ ভাসশ্চ কুরর ইত্যাদ্যাঃ প্রসহাঃ স্মৃতাঃ। প্রসহাঃ কীর্ত্তিতা এতে প্রসহ্য ছিদ্য ভক্ষণাৎ। প্রসহা খলু বীর্য্যোষ্ণা তন্মাংসং ভক্ষয়ন্তি যে। তে শোষ ভস্মকোন্মাদ শুক্রক্ষীণা ভবন্তিহি।*। অন্যচ্চ।*। বসবীর্য্য বিপাকেষু গুণাশয় গুণতুল্য, বিশেষাৎ শোণিতে হিত কারিত্বৎ। সুশ্রু।

প্রসহা—স্ত্রীং বৃহতী। বৈ। [ভাষা। র।

প্রসাতিকা—স্ত্রীং অণুব্রীহিঃ। লালউড়ীধান

প্রসাদনং—ক্লীং অন্নং। অন্ন ভাষা। ত্রি।

প্রসাধনং } স্ত্রীং ক্লীং কঙ্কতিকা। চিরুনী ভাষা।
প্রসাধনী }

প্রসাধিকা—স্ত্রীং নীবারঃ। উড়ীধান ভাষা। ভা।

প্রসারণী—স্ত্রীং লজ্জালুঃ। রা। দুর্গন্ধ পত্র লতাবিঃ,

গন্ধভাদলা, গাধালী, ইতিচ ভাষা। *। তৎ-পর্য্যায়ঃ। *। সুপ্রসরা। সারিণী। প্রসরা সরা। চারুপর্ণী। রাজবালা ভদ্রপর্ণী প্রতানিকা। প্রবলা রাজপর্ণী। চন্দ্রপর্ণী। ভদ্রবলা। চন্দ্রবল্লী। প্রভদ্রা। প্রসাবিণী। বল্যা। *। অস্যাগুণাঃ। *। গুরু, উষ্ণ, তিক্ত, বাতার্শঃ শ্বয়থু মল বিষ্টম্ভ নাশিত্বঞ্চ। রা। * অন্যচ্চ। বাতপিত্তনাশি, বলশুক্র কারিত্বঞ্চ। বাজ। *। অপিচ। *। প্রসাবণী রাজবলা ভদ্রপর্ণী প্রতানিনী। সরণী সারণী ভদ্রাবলা চাপি কটম্ভরা। প্রসারিণী গুরুর্বৃষ্যা বল সন্ধানকৃৎসরা। বীর্য্যোষ্ণা বাত হৃৎ তিক্তা বাত রক্ত কফাপহা অন্যৎ গান্ধালী শব্দে দ্রষ্টব্যং। ভা।

প্রসাবিকা—স্ত্রীং কঙ্কতিকা। চিরুণী ভাষা।

প্রসারিণী—স্ত্রীং প্রসারণী। বা।

প্রসিতং—ক্লীং পূয়ং। পূয্ ভাষা। শ।

প্রসূঃ—স্ত্রীং ঘোটকী। ঘুঁড়ী ভাষা। অ। কর্দলী। কলা ভাষা। বীরুৎ। মে।

প্রসূকা—স্ত্রীং ঘোটকী। রা।

প্রসূতং—ক্লীং পুষ্পং। ফুল ভাষা। মে।

প্রসূতঃ—পুং পুত্রঃ। মে।

প্রসূতিঃ—স্ত্রীং প্রসবঃ। সন্তান হওয়া ভাষা। অ। কন্যা। পুত্রঃ। মে।

প্রসূনং—ক্লীং ফলং। পুষ্পং। মে।

প্রসূনা—স্ত্রীং মধুরিকা। মৌরী ভাষা। শব্দমা।

প্রসৃতং—ক্লীং পুং পলদ্বয়ং। ষোল তোলা ভাষা

প্রসৃতা—স্ত্রীং জঙ্ঘা। হাঁটু ভাষা। মে। ভাষা ভা।

প্রসৃতিঃ—পুং স্ত্রী দ্বিপল পরিমাণং। ষোলতোলা

প্রসেকঃ—পুং মুখাৎ জলস্রাবঃ। মুখ হইতে জল পড়া ভাষা। ভা।

প্রস্কন্দনং—ক্লীং বিরেকঃ। জোলাপ ভাষা। রা।

প্রস্তরঃ—পুং মণিঃ। মে। পাষাণঃ। পাথর ভাষ

প্রস্তরিণী—স্ত্রীং গোলোমিকা। পাথরী ভাষা রা।

প্রস্তারি—ক্লীং নেত্র রোগান্তর্গত শুক্লজরোগ বিঃ, *। লক্ষণং যথা।*। প্রস্তারি প্রথিত মিহার্ম্ম শুক্লভাগে বিস্তীর্ণং তনুরুধির প্রভং সনীলং। সুশ্রু।

প্রস্তার্য্য মর্ম্ম (ন) ক্লী নেত্ররোগ বিঃ। *।লক্ষণং যথা। *। প্রস্তার্য্যর্ম্ম তনু স্তীর্ণং শ্যাবং রক্ত নিভং সিতে। নি। । *। অপিচ। *। সমস্তাৎ বিস্ত তো শ্যাবো রক্তো বা মাংস সঞ্চয়ঃ। সান্নিপা তেন দোষাণাং প্রস্তার্য্যর্ম্ম তদুচ্যতে। বিজ।

প্রস্ততঃ—পুং নিষ্পন্নঃ।

প্রস্থ—পুং পরিমাণ বিঃ। দুই শের ভাষা

প্রস্থকুসুমঃ—পুং মরুবকঃ। মরুয়া, নাগদানা ইতিচ ভাষা। সুক্ষ্ম পত্র তুলসী। অ। জম্বীর ভেদঃ। জম্বীর সামান্যং। কে।

প্রস্থবান (ৎ) পুং পর্ব্বতঃ। পাহাড় ভাষা। রা।

প্রস্থিকা—স্ত্রীং অম্বষ্ঠা। ভা।

প্রস্ফোটনং ক্লীং সূর্পং। কুলা ভাষা। অ।

প্রস্রংসিনী—স্ত্রীং যোনিরোগ বিঃ, । *। লক্ষণং যথা। *। প্রস্রংসিনী স্পন্দতেচ ক্ষোভিতা দুষ্প্রসূশ্চ যা। সুশ্রু।

প্রস্রবণং—ক্লীং নির্ঝরঃ। ঝর্ণা ভাষা। *। অস্য জল গুণাঃ। *। প্রস্রবণং জলং স্বচ্ছং মধুরং রোচনং লঘু। অন্যং জলশব্দে দ্রষ্টব্যং। রা।

প্রস্রবণঃ—পুং স্বেদঃ। ঘামভাষা। ত্রি।

প্রস্রাবঃ—পুং মূত্রং। মুৎ ভাষা। অ।

প্রস্বেদঃ—পুং অতিশয় ঘর্ম্মঃ। ঘর্ম্মঃ। ভা।

প্রহনেমিঃ—পুং চন্দ্রঃ। ত্রি।

প্রহরঃ—পুং যামঃ। পহর ভাষা। অ।

প্রহরকুটবী—স্ত্রীং কুটুম্বিনী ক্ষুপঃ। রা।

প্রহর্ষণী—স্ত্রীং হরিদ্রা। হলুদ ভাষা হা

প্রহসন্তী—স্ত্রীং যুথী পুষ্পং। যূঁই ভাষা। ত্রি। বাসন্তী পুষ্প লতা। রা।

প্রহস্তঃ—পুং হস্তঃ। হস্ত তলঃ। চাপড় ভাষা। অ।

প্রহাবঃ—পুং আঘাতঃ।

প্রহার বল্লবী } স্ত্রীং মাংসরোহিণী। ভা।
প্রহার বল্লী

প্রহিঃ—পুং কূপঃ। কূয় ভাষা। মে।

প্রহেণকং } ক্লীং পিষ্টক ভেদঃ। *। তৎ পর্য্যায়। *। বাচনং। ব্রতো পায়নং। ত্রি। প্রহেলকং। বাঁচনকং। হা।
প্রহেলকং

প্রহ্লাদঃ—পুং আহ্লাদঃ।

প্রহ্লাদনী } স্ত্রীং হংসপদী। গোয়ালে ভাষা। রা।
প্রহ্লাদী

প্রক্ষালকং—ক্লীং মার্জ্জনং। মাজা ভাষা।

প্রক্ষেপঃ—পুং ঔষধাদিষু দেয়দ্রব্যং। *। যথা। *। প্রক্ষেপঃ পাদিকঃ ক্বাথ্যাং। স্নেহে কল্ক সমো মতঃ। বৈপ।

প্রাক্ চরণা—স্ত্রীং যোনিরোগ বিং। *। লক্ষণং যথা। *। মৈথুনাদতি বালায়াঃ পৃষ্ঠজ-ঙ্ঘোরুবঙ্ক্ষণৈঃ। রুজয়ন্ দূষয়েৎ যোনিং বায়ুঃ প্রাকচরণাহিসা। চর।

প্রাক্ ফলঃ—পুং পনসঃ। কাঁঠাল ভাষা। জ।

প্রাকৃতজ্বরঃ—পুং ঋতুজ্বর বিঃ। *। যথা। *। বর্ষা শরৎ বসন্তেষু বাতাদ্যৈঃ প্রাকৃতঃ ক্রমাৎ। নি।

প্রাকৃতদোষঃ—পুং বর্ষাশরৎ বসন্তেষু ক্রমেণ কুপিতো বাতঃ পিত্তং কফশ্চ। *। যথা। *। চয় প্রকোপ প্রশমাঃ পিত্তস্য প্রাবৃড়াদিষু। শ্লেষ্মণঃ শিশিরাদ্যেষু বায়োর্ঘর্ম্মাদিষু ত্রিষু। নিজ।

প্রাগ্রাটং—ক্লী অঘনদধি। বি

প্রাঙ্—ত্রিং পূর্ব্বদিক। মে।

প্রাচিকা—স্ত্রীং বনমক্ষিকা। ডাঁশ ভাষা। অ।

প্রাচীনপনসঃ—পুং বিল্বঃ। বেল ভাষা। ত্রি।

প্রাচীনা—স্ত্রীং পাঠা। আক্ নাদি ভাষা। অ। রাস্না। শ।

প্রাচীনামলকং—ক্লীং পানীয়ামলকং। পানী আমলা বঙ্গ ভাষা। অনি অম্বরা হিন্দিভাষা। *। তৎপর্য্যায়ঃ। *। বারি বদরং। ত্রি। *। অন্যচ্চ। *। প্রাচীনা মলকং লোকে পানীয়ামলকং স্মৃতং। প্রাচীনামলকং দোষত্রয়জিৎ জ্বর ঘাতিচ। অন্যৎ পানীয়ামলক শব্দে দ্রষ্টব্যং। ভা।

প্রাজনং—ক্লীং তোত্রং। গরুতাড়নপাচন ভাষা

প্রাজ্ঞঃ—পুং রাজশুকপক্ষী। রাজশুয়া হিন্দীভাষা। রা।

প্রাণঃ—পুং বোলঃ। অনিলঃ। মে। হৃদিস্থ বায়ুঃ। ভা। *। তস্য স্থানানি যথা। *। স্থানং প্রাণস্য শীর্ষোরঃ কর্ণ জিহ্বাস্য নাসিকা। ষ্ঠীবন ক্ষব থূদ্‌গার শ্বাসাহারাদি কর্ম্মচ। চর।

প্রাণকঃ—পুং বোলঃ। জীবক দ্রুমঃ। মে।

প্রাণথঃ—পুং বায়ুঃ। বলবান্। উ।

প্রাণদং—ক্লীং জলং। রক্তং। হে।

প্রাণদঃ—পুং জীবকদ্রুমঃ। রা।

প্রাণদা—স্ত্রীং বৃদ্ধিনামৌষধিঃ। হরীতকী। জল পিপ্পলী। রা। ঋদ্ধিনামৌষধিঃ। র।

প্রাণনং—ক্লীং জীবনং। জ।

প্রাণনঃ—পুং গলঃ। গলাভাষা। শ।

প্রাণন্তঃ—পুং বায়ুঃ। রসাঞ্জনং। উ।

প্রাণন্তী—স্ত্রীং হিক্কা। ক্ষুৎ। উ।

প্রাণপ্রদা } স্ত্রীং ঋদ্ধিনামৌষধিঃ। র।
প্রাণপ্রিয়া

প্রাণভাস্বান্ (ৎ) পুং সমুদ্রঃ। শব্দর।

প্রানসদ্ম (ন্) ক্লীং শরীরং।

প্রাণহারকং—ক্লীং বৎসনাভাখ্য বিষং। অমৃত ভাষা। রা।

প্রাণায়াতনং—ক্লীং প্রাণবিশিষ্টং। যথা। *। মূর্দ্ধা কণ্ঠো হৃদয়ং নাভি গুদ বস্তি রজঃ শুক্রং শোনিতং মাংসমিতি। চর। [রা।

প্রাণিমাতা—স্ত্রীং গর্ভদাত্রীক্ষুপঃ। গর্ভদা ভাষা।

প্রাণিহিতা—স্ত্রীং বিনামা। জুত ভাষা। ত্রি।

প্রাতরাশঃ—পুং প্রাতঃ কালীন ভোজনং। প্রাতকালের খাওয়া ভাষা। জ।

প্রাতর্ভোক্তা (ক্ত)—পুং কাকপক্ষী। শ।

প্রাতর্ভোজনং—ক্লীং প্রাতরাশঃ। প্রাতঃকালের খাওয়া ভাষা। জ।

প্রতিকা—স্ত্রীং জবা। বা।

প্রাতিপদিকঃ—পুং অগ্নিঃ।

প্রাদেশঃ—পুং তর্জ্জনী সহিত বিস্তৃতাঙ্গুষ্ঠঃ বিঘৎ ভাষা দেশমাত্রং। অ।

প্রাধ্বঃ ত্রিং বধঃ। ইতিবোপদেবঃ।

প্রাপণং—ক্লীং নয়নং। চোক ভাষা।

প্রাপ্তপঞ্চত্বং—ত্রিং মৃতং। মরা ভাষা। অ।

প্রাবোধিকঃ—পুং উষাকালঃ। ভোর ভাষা।

প্রামাদ্যঃ—পুং বাসিকঃ। বাকস্ ভাষা। শ।

প্রায়ুদ্বেষী (ন্)—পুং অশ্বঃ। শ।

প্রালেয়ং—ক্লীং হিমং। শিশির ভাষা।

প্রালেয়াংশুঃ—পুং চন্দ্রঃ। হলা। [ভাষা। ভ।

প্রাবটঃ—পুং যবঃ। জ। কপিকচ্ছুঃ। আলকুশী

প্রাবরঃ—পুং প্রাচীরং। পাঁচীর ভাষা। শব্দর।

প্রাবরকীটঃ—পুং কুণ নামক কীটঃ। জ।

প্রাবৃট্ (ষ্)—স্ত্রীং বর্ষাকালঃ। শ্রাবণ ভাদ্র ভাষা। সুশ্রু। * যথা। *। প্রাবৃন্ মিথুন কর্কটৌ। ভা। [ভাষা।

প্রাবৃড়ত্যয়ঃ—পুং শরৎকালঃ। আশ্বিন কর্ত্তিক

প্রাবৃতিঃ—স্ত্রীং প্রাচীরং। পাঁচীর ভাষা। শব্দব।

প্রাবৃষা—স্ত্রীং বর্ষাকালঃ। শ্রাবণ ভাদ্র ভাষা। ত্রি। কপিকচ্ছুঃ আলকুশী ভাষা। ভ।

প্রাবৃষায়ণী—স্ত্রীং কপিকচ্ছুঃ। আলকুশী ভাষা। অ। পুনর্ণবা। র।

প্রাবৃষিকঃ—পুং ময়ূরপক্ষী। ধ।

প্রাবৃষেণ্যঃ—পুং কদম্বপুষ্পবৃক্ষঃ। মে। কুটজবৃক্ষঃ। কুরচী ভাষা। ধারাকদম্বঃ। রা।

প্রাবৃষেণ্যা—স্ত্রীং কপিকচ্ছুঃ। আলকুশী ভাষা রক্তপুনর্ণবা। রা।

প্রাবৃষ্যঃ—পুং কুটজবৃক্ষঃ। ধারা কদম্বঃ। বিকণ্টক বৃক্ষঃ। বঁচ ভাষা। রা। [ভাষা। রা।

প্রাবৃষ্যং—ক্লীং বৈদূর্য্য মণিঃ। লহসুনিয়া হিন্দী

প্রাবৃষ্যেণ্যঃ—পুং কদম্ববৃক্ষঃ। কুটজবৃক্ষঃ। ধারা কদম্বঃ। রা

প্রাশঃ—পুং অবলেহঃ। বৈপ।

প্রাষ্যঃ—পুং পুং কসেরুকং। কেসুর ভাষা।

প্রাসঃ } পুং কুন্তাস্ত্রং। কোঁচ ভাষা। হে।
প্রাসকঃ

প্রাসাঙ্গঃ—পুং যুগং। যোঁয়াল ভাষা। অ।

প্রাসাদকুক্কুটঃ—পুং পারাবতপক্ষী। পায়রা ভাষা। ত্রি।

প্রাহ্ণঃ—পুং(পূর্ব্বাহ্ণঃ। প্রাতঃ কাল ভাষা। মে।

প্রি।

প্রিয়ঃ—পুং ঋদ্ধিনামৌষধিঃ। মে। জীবকৌষধিঃ। মুদ্গরবৃক্ষঃ। বেতসবৃক্ষঃ। বয়সাভাষা। রা।

প্রিয়কঃ—পুং পীতসালবৃক্ষঃ। পেয়াসাল ভাষা। কদম্ব পুষ্পবৃক্ষঃ। অলিঃ। ভোমরা ভাষা। প্রিয়ঙ্গুঃ। কুঙ্কুমং। জাফ্‌রান্ ভাষা। মে। ধারা কদম্বঃ। অশনবৃক্ষঃ। সাল ভাষা। র বিলেশয়জাতীয় জন্তু বিং, চিত্র মৃগভাষা। । *। অস্যমাংস গুণঃ। *। বায়ুরোগে হিতকারি,। সুশ্রু।

প্রিয়করী } স্ত্রীং অশ্বগন্ধা। বৃহজ্জীবন্তী। শ্বেত
প্রিয়ঙ্করী } কণ্ট কারী। রা।

প্রিয়ঙ্গুঃ } স্ত্রীং বাজিকা। রাইসর্ষে ভাষা।
প্রিয়ঙ্গুকা } পিপপলী। কঙ্গুঃ। কাঙ্গনী ধান
প্রিয়ঙ্গূঃ } ভাষা। মে। কটকী। ধ। স্বনাম

খ্যাত সুগন্ধি বৃক্ষভেদঃ। *। তৎপর্য্যায়। *। শ্যামা। মহিলাহ্বয়া। লতা। গোবন্দনী। গুন্দ্রা। ফলিনী। বিষক্‌সেনা। গন্ধফলা। কারম্ভা। প্রিয়কঃ। অ। কটুঃ। বি। কান্তা। মে। কৃশাঙ্গী। কৃষ্ণপুষ্পী। শ। গৌরবর্ণ ভেদিনী। গন্ধফলা। শব্দর। প্রিয়বল্লী। ফলপ্রিয়া গৌরী। বৃত্তা। কঙ্গুঃ। কঙ্গুনী। ভঙ্গুরা। গৌরবল্লী। সুভগা। পর্ণভেদিনী। শুভা। পীতা। মঙ্গল্যা। শ্রেয়সী। *। অস্যা গুণাঃ। *। শীত, তিক্ত, দাহ পিত্তাস্র দোষ ভ্রম বান্তিজ্বর বক্ত্র জাড্য নাশি। রা। *। অপিচ। *। প্রিয়ঙ্গুঃ ফলিনী কান্তা লতাচ মহিলা হ্বয়া। গুন্দ্রা গন্ধফলা শ্যামা বিশক্‌সেনা হঙ্গনা প্রিয়া। প্রিয়ঙ্গুঃ শীতলা তিক্তা তুবরা হনিল পিত্ত হৃৎ। রক্তা তিসার দৌর্গন্ধ্য স্বেদোদাহ জ্বরাপহা। গুল্ম তৃট বিষ মেহঘ্নী তদ্বৎ গন্ধ প্রিয়ঙ্গুকা। তৎ ফলং মধুরং রুক্ষং কষায়ং শীতলং গুরু। বিবন্ধাধ্মান বলকৃৎ সং গ্রাহি কফপিত্ত জিৎ। ভা।

প্রিয়ঙ্গ্বাদিগণঃ—পুং প্রিয়ঙ্গু যুক্ত দ্রব্য সমূহঃ। *। যথা। *। প্রিয়ঙ্গু সমঙ্গা ধাতকী পুন্নাগ রক্ত চন্দন কুচন্দন মোচরস রসাঞ্জন কুম্ভীক স্রোতোহঞ্জন পদ্ম কেশর যোজন বল্ল্যো দীর্ঘ মূলা চেতি। গুণাঃ অম্বষ্ঠাদি শব্দে দ্রষ্টব্যাঃ। সুশ্রু।

প্রিয়জীবঃ—পুং শ্যোনাক বৃক্ষঃ। সোনা গাছ ভাষা। রা।

প্রিয়তমঃ—পুং ময়ূরশিখাক্ষুপঃ। নীলকণ্ঠ ফুলের গাছ ভাষা। শ। [বৃক্ষঃ। জ।

প্রিয়দর্শনঃ—পুং শুক পক্ষী। টীয়ে ভাষা। ক্ষীরিকা

প্রিয়বর্ণী, প্রিয় বল্লী } স্ত্রীং প্রিয়ঙ্গুঃ। রা।

প্রিয় শালঃ—পুং অশন বৃক্ষঃ। নিম্ববৃক্ষঃ।

প্রিয়সখঃ—পুং খদিরঃ। খয়ের ভাষা। শ।

প্রিয়সন্দেশঃ—পুং চম্পক পুষ্প বৃক্ষঃ। চাঁপা ভাষা। শ

প্রিয়সালঃ, প্রিয়সালকঃ } পুং অশন বৃক্ষঃ। পেয়াসাল ভাষা। রা।

প্রিয়া—স্ত্রীং এলা। এলাচ ভাষা। শ। প্রিয়ঙ্গুঃ। ভা। মল্লিকা পুষ্প বৃক্ষঃ। মদিরা। মদ ভাষা। রা। নারী। শব্দর।

প্রিয়াম্বুঃ—পু আম্রবৃক্ষঃ।

প্রিয়াম্বু—ক্লীং আম্রফলং। আম ভাষা। রা।

প্রিয়ালঃ, প্রিয়ালকঃ } পুং স্বনাম খ্যাত বৃক্ষঃ। পিয়াল ভাষা। ইহার ফল চিরঞ্জী। *। তৎপর্য্যায়ঃ। *। অথট্টঃ। ললনঃ। চারকঃ। বহুলবল্কঃ। সন্নকদ্রুঃ। তাপসপ্রিয়ঃ। স্নেহ-বীজঃ। উপবটঃ। মোক্ষবীর্য্যঃ। রা। দ্রুসন্নকঃ। শব্দর। *। অস্য গুণাঃ। *। চারস্য চকলং পক্কং বৃষ্যং গৌল্যাম্লকং গুরু। তদ্বীজং মধুরং বৃষ্যং পিত্ত দাহার্ত্তি নাশনং। রা। *। অপিচ। *। প্রিয়ালস্তু খরস্কন্ধ চারো বহুল বল্কলঃ। রাজাদন স্তাপসেষ্টঃ সন্নকদ্রু ধর্নুষ্পটঃ। চারঃ পিত্তক ফাস্রঘ্ন স্তৎফলং মধুরং গুরু। স্নিগ্ধঃ সরং মরুৎ পিত্ত দাহজ্বর তৃষা পহং। প্রিয়াল মজ্জা মধুরো বৃষ্যঃ পিত্তানিলা পহঃ। হৃদ্যো হতি দুর্জ্জরঃ স্নিগ্ধো বিষ্টম্ভো চাম বর্দ্ধনঃ। অন্যং পিয়াল শব্দে দ্রষ্টব্যং। ভা।

প্রিয়ালা—স্ত্রীং দ্রাক্ষা। কিস্‌ মিস্‌ ভাষা। রা।

প্রী

প্রীণনং—ক্লীং তৃপ্তিঃ। শব্দর।

প্রীণসঃ—পুং গণ্ডক পশুঃ। গণ্ডার ভাষা।

প্রুষ্টঃ—ত্রিং দগ্ধঃ। পোড়া ভাষা। অ।

প্রেতঃ—পুং ভূত বিঃ, । সুশ্রু।

প্রেতগৃহং—ক্লীং শ্মশানং। হে।

প্রেতদেহঃ—পুং শরীরং।

প্রেতনদী—স্ত্রীং বৈতরণী নদী। শব্দর।

প্রেতপতিঃ—পুং যমঃ। হলা। মৃত্যুঃ।

প্রেত পুরং—ক্লীং যমালয়ঃ।

প্রেতরাক্ষসী—স্ত্রীং তুলসী। রা।

প্রেতবনং—ক্লীং শ্মশানং। হে।

প্রেমপাতনং—ক্লীং রোদনং। কাঁদা ভাষ। নেত্র জলং। চোখের জল ভাষা। শ।

প্রেমা (ন্)—পুং স্নেহঃ। অ। বাসবঃ। বায়ুঃ।

প্রেয়সী—স্ত্রীং প্রিয়তমা নারী। হে।

প্রের্ত্বা (ন্)—পুং সমুদ্রঃ।

প্রের্ত্বরী—স্ত্রীং নদী।

প্রেষণং—ক্লীং পীড়া। জ।

প্রেষ্ঠা—স্ত্রীং জঙ্ঘা। শ। প্রেয়সী। হে।

প্রেক্ষণং—ক্লীং চক্ষুঃ। শব্দর।

প্রেক্ষণকূটঃ—পুং চক্ষুর্গোলকঃ। চোখের পাতার গোলক ভাষা। *। যথা। *। ত্বক্ স্ফোটন ষ্ঠীবন গাত্র সাদ মৃদ্ ভক্ষণ প্রেক্ষণকূট শোথাঃ। নি। [বুদ্ধিঃ। অ।

প্রেক্ষা—স্ত্রীং ঈক্ষণং। ভ। শাখা। শব্দর।

প্রৈষঃ—পুং উন্মাদঃ। পাগল ভাষা। মে।

প্রোতং—পুং ক্লীং বস্ত্রং। জ।

প্রোং ফলঃ—পুং বৃক্ষ বিঃ। *। পর্যায়। * সিংহলা স্থানঃ। ছড়ী। ছটা। পিকা। শব্দমা

প্রোথঃ—পুং কটী। কোমর ভাষা। শাটকঃ শাটী ভাষা। স্ত্রীগর্ভঃ। বি। গর্ত্তঃ। ক্লিক্। পাছা ভাষা।

প্রোর্ণুনাবঃ—পুং তন্ত্রান্তরোক্ত সন্নিপাত বিঃ, । *। লক্ষণং যথা। *। উৎক্ষিপ্যঃ স্বমঙ্গং ক্ষিপত্যধস্তা ন্নিতান্ত মুচ্ছ্ সিতিতং প্রোর্ণুনাবজুষ্টং বিচিত্রকষ্টং বিজানীয়াৎ ভো

প্রোষাঃ—পুং সন্তাপঃ। দাহঃ। জ্বালা ভাষা। অ।

প্রোষ্ঠঃ—পুং প্রোষ্ঠীমৎসঃ। অটীরা।

প্রোষ্ঠপদঃ—পুং ভাদ্রমাসঃ।

প্রোষ্ঠিকা, প্রোষ্ঠী — স্ত্রীং শফরী মৎস্যঃ। পুঁটীমাচ ভাষা। *। তৎপর্য্যায়ঃ। *। শফরী। শফরঃ। সফরী। অ। শ্বেতকোলঃ। প্রোষ্ঠী। শব্দর। প্রোষ্ঠঃ। অটী। *। অস্যা গুণাঃ। *। শুক্র, স্বাদু, স্নিগ্ধ, আস্যকণ্ঠ রোগনাশি, শ্রেষ্ঠত্বঞ্চ। রা। অন্যচ্চ। *। প্রোষ্ঠীতিক্তা কটুঃ স্বাদ্বী শুক্রদা কফবাত জিৎ। *। অথবৃহৎ প্রোষ্ঠী। সরপুঁটী ভাষা। স্নিগ্ধাস্য কণ্ঠ রোগঘ্নী শ্রেষ্ঠা প্রোষ্ঠী প্রকীর্ত্তিতা। অন্যৎ সফরী শব্দে দ্রষ্টব্যং। রাজ।

প্রৌঢ়া—স্ত্রীং ত্রিং শদ্ বর্ষাদূর্দ্ধং পঞ্চ পঞ্চাশৎ বর্ষ পর্য্যন্ত প্রৌঢ়া বস্থা। ত্রিশ হইতে পঞ্চান্ন বছরের স্ত্রী লোককে প্রৌঢ়া কহে। *। যথা। *। আষোড়শী ভবেদ্ বালা তরুণী ত্রিংশতা মতা। পঞ্চ পঞ্চ শতী প্রৌঢ়া ভবেদ বৃদ্ধা ততঃ পরং। *। তস্যা রমণে দোষো যথা। *। বালাতু প্রাণদা প্রোক্তা তরুণী প্রাণ হারিণী। প্রৌঢ়া করোতি বৃদ্ধত্বং বৃদ্ধা মরণদা ভবেৎ। ইতি রতি মঞ্জরী। *। অপিচ। *। দ্বাত্রিংশদ্ বৎসরা দূর্দ্ধ পঞ্চাশৎ বৎসরা বধি বয়স্কা স্ত্রী। বত্রিশ বছর হইতে পঞ্চাশ বছর বয়সের স্ত্রীকে প্রৌঢ়াকহে। অস্যা রমণ কালো যথা। *। প্রৌঢ়া বর্ষা বসন্তয়োঃ। ভা।

প্লবং—ক্লী কৈবর্ত্তীমুস্তকং। কেউটেমুথ ভাষা। গন্ধতৃণং। গন্ধ খড় ভাষা। মে।

প্লবঃ, প্লবকঃ — পুং ভেলঃ। ভেলা ভাষা। ভেকঃ। ব্যাঙ ভাষা। বানরঃ। পলবঃ। মাচধরা পলোভাষা। ত্রি। জলকাকঃ। পানীকৌড়ি ভাষা। কুলকঃ। পক্ টী ক্রমঃ। পাকুড় ভাষা

কারণ্ডর পক্ষী। খড়হাঁস ভাষা। মে। গর্দ্দভাণ্ডবৃক্ষঃ। গাঁধিভঁাট ভাষা। শব্দর। জলচর পক্ষী। ভা।

প্লবগঃ—পুং বানরঃ। ভেকঃ। প্লবপক্ষী। মে। শিরীষবৃক্ষঃ। চট্কা ভাষা। রা। সূর্য্যঃ। জ

প্লবগতিঃ—পুং ভেক। ব্যাঙ ভাষা। শ

প্লবঙ্গঃ—পুং বানরঃ। অ। মৃগঃ। শ। প্লক্ষ বৃক্ষঃ পাকুড় ভাষা রা।

প্লবঙ্গমঃ—পুং ভেকঃ। বানরঃ। অ।

প্লববর্গঃ—পুং প্লবচর পক্ষি সমূহঃ। সাঁতবাইয়া বেড়ায় যে পাখী। *। যথা। *। হংস সারস কারণ্ড বক ক্রৌঞ্চ শরাবিকা। নন্দী-মুখী সকাদম্বা বলাকাদ্যাঃ প্লবাঃ। স্মৃতাঃ। প্লবন্তি সলিলে যস্মাদেতে তস্মাৎ প্লবাঃ স্মৃতাঃ। প্লবাঃ পিত্তহরাঃ স্নিগ্ধা মধুরা গুরবো হিমাঃ। বাত শ্লেষ্ম প্রদাশ্চাপি বল শুক্র করাঃ সরাঃ। ভা। *। অপিচ। *। হংস সারস ক্রৌঞ্চ চক্র কুরর কাদম্ব কারণ্ডব জীবঞ্জী-বক বলাকা পুণ্ডরীক প্লব শরারী মুখ নন্দীমুখ মদ্গু উৎক্রোশ কাচাক্ষ মল্লিকাক্ষ শুক্লাক্ষ পুষ্কর শায়ি কাকো নালকা মুকুক্কুটিকা মেঘরাব শ্বেত চরণ প্রভৃতয়ঃ প্লবা সংঘাত চারিণঃ। *। তেষাং মাংস গুণাঃ। *। রক্ত পিত্ত হরাঃ শীতা স্নিগ্ধা বৃষ্যা মরুজ্জিতঃ। সৃষ্ট মূত্র পুরীষাশ্চ মধুররস পাকয়োঃ। সুশ্রুত।

প্লক্ষঃ—পুং কন্দরাল বৃক্ষঃ। অশ্বত্থ বৃক্ষঃ। মে পর্কটি বৃক্ষঃ। পাকুড় বঙ্গভাষা। পাকরী হিন্দী ভাষা। *। তৎপর্য্যায়ঃ। *। পর্কটী। অটী। কন্দরালঃ। মে। পর্কাটিঃ। প্লক্ষা। জটি। প্লীক্ষা। শব্দর। *। অথ হ্রস্বপ্লক্ষ পর্য্যায়ঃ। *। সূক্ষ্মঃ। সুশীতঃ। শীতবীর্য্যকঃ। পুণ্ডঃ। মহা-বরোহঃ। হ্রস্বপর্ণঃ। পিম্বরিঃ। ভিদুরঃ। মঙ্গ-লচ্ছায়ঃ। অন্যৎ প্লক্ষহ্রস্বপ্লক্ষ শব্দে দ্রষ্ট-ব্যং। রা।

প্লক্ষা—স্ত্রীং প্লক্ষ বৃক্ষঃ। অ। [শব্দর।

প্লক্ষেশঃ—পুং গর্দ্দভাণ্ড বৃক্ষঃ। গাধি ভঁাট ভাষা

প্লাবনং—ক্লীং দ্রব দ্রব্য স্যোর্দ্ধ প্রাপণং। উথলন ভাষা। মজ্জনং ডোবা বন্যা ইতিচ ভাষা।

প্লাবী—(ন্) পুং পক্ষী।

প্লাক্ষং—ক্লী প্লক্ষবৃক্ষস্যফলং। পাকুড়ফল ভাষা

প্লীহঘাতী (ন্) }
প্লীহঘ্নঃ } পুং বৃক্ষবিং। রোড়া, রয়না, নয়না ইতিচ বঙ্গ ভাষা। রোহন্ হিন্দী ভাষা তৎপর্য্যায়ঃ। *। প্লীহশত্রুঃ। রোহী। রোহিতকঃ। *। দাড়িম পুষ্পকঃ মাংসদলনঃ। যকৃদ্‌বৈরী। চলচ্ছদঃ। শ। রৌহিতেয়ঃ। রোহিতঃ। রোহীতকঃ। রৌহী। শব্দর। প্লীহঘাতী। অন্যং রোহিতক শব্দে দ্রষ্টব্যং। ভা।

প্লহঘ্নী—স্ত্রং শরপুঙ্খা। বননীল ভাষা।

প্লীহশত্রুঃ—পুং প্লীহঘ্নবৃক্ষঃ। রোড়া ভাষা। অ। হপুষাভেদঃ। শরপুঙ্খঃ। বননীল ভাষা। ভা।

প্লীহহন্ত্রী—স্ত্রীং হপুষা। ভা।

প্লী

প্লীহা—স্ত্রীং প্লীহ রোগঃ। অটী।

প্লীহা (ন্)—পুং কুক্ষিবামপার্শ্বস্থ মাংস খণ্ডং। পিলে ভাষা। *। তৎপর্য্যায়ঃ। গুল্মঃ। প্লীহা। অ। *। যথা। *। শোণিতা জ্জায়তে প্লীহা বামতো হৃদয়া দধঃ। রক্ত বাহি শিরাণাং স মূলং খ্যাতো মহর্ষিভিঃ। *। অথ প্লীহা রোগস্য লক্ষণং যথা। *। বিদ্যাহ্যভিষ্যন্দি রতস্যজন্তোঃ প্রদুষ্ট মত্যর্থ মসৃক্ কফশ্চ। প্লীহা ভিবৃদ্ধিং সত-তং করোতি প্লীহোদরং তং প্রবদন্তি তজ্জ্ঞাঃ। বামেচ পার্শ্বে পরিবৃদ্ধি মেতি বিশেষতঃ সীদতি চাতুরোহত্র। মন্দ জ্বরাগ্নি কফপিত্তলিঙ্গৈ রুপ দ্রুতঃ ক্ষীণ বলোতি পাণ্ডুঃ। ভা।

প্লীহারিঃ—পুং অশ্বত্থ বৃক্ষঃ। রোহিতক বৃক্ষঃ। ভা।
প্লীহোদরঃ—পুং প্লীহ জনিত উদর রোগঃ। নি।
প্লীক্ষা (ন্)—পুং প্লক্ষ বৃক্ষঃ। পাকুড় ভাষা। শব্দর

প্লু

প্লুষ্টঃ—ত্রিং দগ্ধঃ। পোড়া ভাষা। অ।
প্লুষ্টিঃ—পুং অগ্নিঃ। উ।

প্লো

প্লোতং—ক্লী বস্ত্রং। তূলং। তূল ভাষা। ভা।
প্লোষঃ—পুং দাহঃ। জ্বালা ভাষা। অ।

ফ

ফঞ্জিকা—স্ত্রীং ভার্গী। বামন হাটী ভাষা। অ। দেবতাড় বৃক্ষঃ। দেতাড়া ভাষা। তুরা লতা। শ। আখুকর্ণী। ইন্দুর কানী ভাষা।

ফঞ্জি পত্রিকা, ফঞ্জি পত্রী } স্ত্রীং—আখুকর্ণী। ইন্দুর কানী ভাষা র।

ফঞ্জী—স্ত্রীং ভার্গী। বামন হাটী ভাষা। রা।

ফটঃ—, ফটা— } পুং—স্ত্রীং সর্প ফণা। অ।

ফটিকারিঃ—পুং স্ফটিকারিঃ। ফট কিরী ভাষা। বৈ
ফড়িঙ্গা—স্ত্রীং ঝিল্লিকা। ফড়িঙ্ ভাষা। শ
ফণং—ক্লীং ঘ্রাণ, শ্রোত্র মার্গস্থ মর্ম্ম বিঃ,। সুশ্রু।
ফণঃ—ত্রিং সর্পস্য বিস্তৃত মস্তকং। সাপের ফণা ভাষা। অটী

ফণকরঃ, ফণধরঃ, ফণ ভৃৎ, ফণ বান্ (ৎ) } পুং—সর্পঃ। সাপ ভাষা। শব্দর।

ফণা—স্ত্রীং সর্পফণঃ। অ।

ফণাকরঃ, ফণাধরঃ, ফণা ধারী (ন্) } পুং—সর্পঃ। শব্দর।

ফণা ভরঃ, ফণা বান্ (ৎ) } পুং—সর্পঃ শব্দর।

ফণাশঃ—পুং পনসঃ। কাঁঠাল ভাষা। ভা।
ফণিকেশরঃ—পুং নাগকেশরঃ। নাগেশ্বর ভাষা
ফণি খেলঃ—পুং ভারতীপক্ষী। ভারই ভাষা। ত্রি।
ফণিগঃ—পুং মেষঃ ইতি বেদ নির্ঘণ্টঃ।

ফণিজিহ্বা, ফণিজিহ্বিকা } স্ত্রীং মহাশতাবরী। মহা সমাঙ্গা। কণহিয়া হিন্দী ভাষা। রা।

ফণিজ্ঝঃ, ফণিজ্ঝকঃ } মরুব বৃক্ষঃ। গদানা ভাষা। পুং ক্ষুদ্রপত্রতুলসী। ভা। জম্বীরভেদঃ। জম্বীরসামান্যকং। *। তৎ পর্য্যায়ঃ। *। প্রস্থপুষ্পঃ। জম্বীরঃ অ। রক্ত তুলসী। র। (ভাষা। শ।

ফণিজ্ঝকা—স্ত্রীং রাম দূতী। তুলসী বিশেষ
ফণিপ্রিয়ঃ—পুং বায়ুঃ। শব্দর।
ফণিফেণঃ—পুং অহিফেণঃ। আফিঙ্গ ভাষা। র।
ফণিবল্লী—স্ত্রীং নাগ বল্লী। পান ভাষা। রা।
ফণিহন্ত্রী—স্ত্রীং গন্ধনাকুলী নাম কন্দ বিঃ। রা।
ফণিহৃৎ—স্ত্রীং ক্ষুদ্র দুরালভা। রা।
ফণি (ন্)—পুং সর্পঃ। অ। সর্পিনী ক্ষুপঃ। ফণি লতা ইতি চন্দ্রনাথ দেশীয় ভাষা। রা। মরুব বৃক্ষঃ। নাগদানা ভাষা। ভা।
ফণী—স্ত্রীং সর্পিনীক্ষুপঃ।
ফণ্ডঃ—পুং জঠরং। পেট ভাষা। উ।
ফরং—ক্লীং ফলকং। ঢাল ভাষা। অটীভ।
ফরুবকং—ক্লীং পুগপাত্রং। পীগদান ভাষা।
ফর্করীকঃ—পুং চপেটঃ। চাপড় ভাষা। মে।
ফর্করীকা—স্ত্রীং পাদুকা। জুত ভাষা।
ফলং—ক্লীং জাতীফলং। জায়ফল ভাষা। ত্রিফলা। হরতকী বয়ড়া আমলা ভাষা। কক্কোলং। কাঁকলা ভাষা। শস্যং। ফল ভাষা। ফলকং। ঢাল ভাষা। মে। আস্ত বং। শব্দর। মুষ্কং। অণ্ডকোষভাষা। কট্ফলং। মদন ফলং। ময়না ফল ভাষা। কাল। লাঙ্গ-

লের ফাল ভাষা। হে।

ফলঃ—পুং কুটজবৃক্ষঃ। কুরচীভাষা। [শব্দর।

ফলকঃ—পুং নাগকেশরঃ। নাগেশ্বর ভাষা। শব্দর। অস্থিখণ্ডং। জ।

ফলকং—ক্লীং চর্ম্ম। ঢাল ভাষা। অ।

ফলকর্কশা—স্ত্রীং বনকোলিঃ। বনকুল ভাষা।

ফলকী (ন্)—পুং মৎস্য বিঃ। ফলুই ভাষা।*। তৎপর্য্যায়। *। ফলিঃ। ফলী। শব্দমা। ।*। অস্য গুণাঃ। *। স্বাদু, গুরু, স্নিগ্ধ, বলকারি, শুক্রবর্দ্ধনশ্চ। রাজ।

ফলকৃষ্ণঃ—পুং পানীয়ামলকং। পানী আমলা ভাষা। শ। করমর্দ্দবৃক্ষঃ। করমচা ভাষা।

ফলকেশরঃ—পুং নারিকেল বৃক্ষঃ। জ।

ফলকোষঃ
ফলকোষকঃ } পুং মুষ্কঃ। অণ্ডকোষ ভাষা। ত্রি

ফলচমসঃ—পুং দধি মিশ্রিত বটত্বক চূর্ণং। দই মিশন বটের ছালের গুঁড় ভাষা।

ফলচোরকঃ—পুং চোবক নাম গন্ধ দ্রব্যং। রা

ফলত্রয়ং—ক্লীং মিলিত দ্রাক্ষা পরুষ কাশ্মর্য্যঃ। কিস্‌মিস্‌ ফলসা গাম্ভারী ফল ভাষা। ত্রিফলা। হরতকী বয়ড়া আমলা ভাষা। শ ত্রিফলা। ত্রিকটু। শুট পিঁপুল মরিচ ভাষা। অ।

ফলদঃ—পুং বৃক্ষঃ। গাছ ভাষা। ধ।

ফলপক্বাম্লং ক্লীং অম্লপক্বফলং। কুল দাড়িম তেঁতুল চুক পালঙ্‌ থৈকড় ভাষা। রা।

ফলপাকঃ—পুং করমর্দ্দবৃক্ষঃ। করমচা ভাষা পানীয়ামলকং। পানী আমলা ভাষা। শ।

ফলপাকান্তা—স্ত্রীং ওষধি বিঃ। যার ফল পাকিলে গাছ মরে, ধান কলাই ইত্যাদি। অ। [ভাষা

ফলপাকী(ন্)—পুং গর্দ্দভাণ্ড বৃক্ষঃ। গাধিভাঁট

ফলপুচ্ছঃ—পুং এরণ্ডবৃক্ষঃ। ভেরাণ্ডা ভাষা। ত্রি

ফলপুষ্পা—স্ত্রীং পিণ্ডখর্জ্জুরী। পিণ্ডি খেজুর ভাষা। রা।

ফলপুরঃ
ফলপূরকঃ } পুং বীজপূরবৃক্ষঃ। টাবোলেবু ভাষা।

ফলপ্রিয়া—স্ত্রীং প্রিয়ঙ্গুঃ। রা।

ফলমুখ্যা—স্ত্রীং আজমোদা। বনযুয়ান ভাষা। রা

ফলমুণ্ডঃ—পুং নারিকেল বৃক্ষঃ। শব্দব।

ফলমৃদ্গুবিকা—স্ত্রীং পিণ্ডখর্জ্জুরী। পিণ্ড খেজুর ভাষা। শব্দর।

ফলবর্গঃ—পুং ফলসমূহঃ।*। যথা।*। দাড়িমা মলক বদর কোল কর্কন্ধু সৌবীর সিম্বিতি কাকল কপিত্থ মাতুলুঙ্গাম্রাতক করমর্দ্দ প্রিয়াল লকুচ ভব্য পারাবত বেত্রফল প্রাচীনা মলক তিন্তিড়ীক নীপ কোশাম্রা ম্লীকা নাগরঙ্গ জম্বীর প্রভৃতীনি। *। অস্য সাধারণ গুণাঃ। *। অম্লানি রসতঃ পাকে গুরূণ্যুষ্ণানি বীর্য্যতঃ। পিত্তলান্যনিল ঘ্নানি কফোৎক্লেশ করাণিচ। সুশ্রুত।

ফলবর্ত্তিঃ—স্ত্রীং বস্তিকর্ম্মোপ সাধনী, মল-ভেদিনী বর্ত্তি বিঃ,। মলদ্বারে বাতীদেওয়া ভাষা। *। যথা। *। ঘৃতাভ্যক্তে গুদে ক্ষিপ্তা শ্লক্ষা সাঙ্গুষ্ঠ সন্নিভা ফলপ্রবর্ত্তিনী বর্ত্তিঃ ফলবর্ত্তিশ্চ সাস্মৃতা। ভা।

ফলবর্ত্তুলং—ক্লীং কালিঙ্গং। তরমুজ্‌ ভাষা। রা।

ফলবাটিকা—স্ত্রীং কাকোডুম্বরিকা। কাঠডুমুর ভাষা। জ। [ভাষা। রা।

ফলবৃন্তাকঃ—পুং শ্যোনাক প্রভেদঃ। সোনা

ফলবৃক্ষকঃ—পুং পনসঃ। কাঁঠাল ভাষা। রা।

ফলশাকং—ক্লীং ষড়্‌বিধ শাকান্তর্গত ফলরূপ-শাকং। ফল ভাষা। রাজ। (ভাষা। রা।

ফলশাখী(ন্) পুং পীলুবৃক্ষঃ। পীল হিন্দী

ফলশাড়বঃ—পুং দাড়িমঃ। ত্রি।

ফলশৈশিরঃ—পুং বদরঃ। কুলভাষা। রা।

ফলশ্রেষ্ঠঃ—পুং আম্রবৃক্ষঃ। শ।

ফলষাড়বঃ } পুং দাড়িমঃ। ডালিম ভাষা। স্বা।
ফলসাড়বঃ

ফলসঃ—পুং পনসঃ। কাঁঠাল ভাষা। অটীভ।

ফলস্নেহঃ—আখোটবৃক্ষঃ। আখরোট ভাষা। রা।

ফলা—স্ত্রীং ঝিঞ্ঝিরিষ্টা ক্ষুপঃ। ঝিঞ্ঝিরিটা ভাষা। রা।

ফলাঢ্যা—স্ত্রীং কাষ্ঠকদলী। কাটকলা ভাষা। বা।

ফলাদনঃ—পুং শুকপক্ষী। টিয়েভাষা। হে।

ফলাধমঃ—পুং ডহুবৃক্ষঃ। ডেহু ভাষা।

ফলাধ্যক্ষং—পুং রাজাদনবৃক্ষঃ। অ।

ফলান্তঃ—পুং বংশঃ। বাঁশভাষা। শব্দমা।

ফলাম্লং—ক্লীং বৃক্ষাম্লং। তেতঁুল ভাষা। র। দাড়িমাদি।

ফলাম্লঃ—পুং অম্লবেতসঃ। থৈকড় ভাষা। রা।

ফলালুঃ—পুং আলুভেদঃ। পানীয়ালুভাষা। *। যথা।*। ফলালুঃ স্যাৎ গ্রাহ্নিফল স্তথা চরফলঃ স্মৃতঃ। ইতিদ্রব্যাভি।

ফলাশনঃ—পুং. শুকপক্ষী। টিয়ে ভাষা। ত্রি। করঞ্জবৃক্ষঃ। করম্‌চা ভাষা। শব্দর।

ফলিঃ } পুং স্ত্রীং ফলকীমৎস্যঃ। ফলুই ভাষা
ফলিকা } রাজ। হরিদ্বর্ণ নিষ্পাবী। বোবা
ফলী } ভাষা। কঙ্কতিকা। চিরণী ভাষা।
প্রিয়ঙ্গুঃ। অ।

ফলিতঃ—পুং বৃক্ষঃ। ধ। (বৃক্ষঃ। রা।

ফলিনঃ—পুং পনসঃ। কাঁঠাল ভাষা। ফলবান্

ফলিনী—স্ত্রীং প্রিয়ঙ্গু বৃক্ষঃ। অগ্নিশিখা বৃক্ষঃ। অ। হরিদ বর্ণ নিষপাবী। বোরা ভাষা। রা। কটুতুম্বী। তিংলাউ ভাষা। চর।

ফলীশঃ—পুং পারীশবৃক্ষঃ পলাশপিপুল ভাষা।

ফল্‌ষঃ—পুং লতাভেদঃ। উ। বৃক্ষবিঃ, ফলসা ভাষা।

ফলেগ্রহি } পুং যথাসময় ফলধরবৃক্ষঃ। শব্দর।
ফলেগ্রাহি

ফলেন্দ্রঃ—পুং বৃহজ্জম্বুঃ। বড় জামভাষা। ভা।

ফলেপুষ্পা } স্ত্রীং দ্রোণপুষ্পী। গলঘসের
ফলেপুষ্পী } গাছ ভাষা। ভা।

ফলেরুহা—স্ত্রীং পাটলাবৃক্ষঃ। পারুল ভাষা। সিতপাটলিকা বৃক্ষঃ। শ্বেতপাড়রী হিন্দী ভাষা। রা। [মিস্ ভাষা। রা।

ফলোত্তমা—স্ত্রীং কাকলীদ্রাক্ষা। বেদানা কিস্-

ফলোৎপত্তিঃ—পুং আম্রবৃক্ষঃ। শ।

ফল্গুঃ—স্ত্রীং কাকোডুম্বরিকা। কাক্‌ডুমুর ভাষা। অ। পটবাসচূর্ণং। আবীর ভাষা। শব্দর। গয়াস্থ নদীভেদঃ। বসন্তকালঃ। চৈত্র বৈশাখ ভাষা। জ।

ফল্গুদা—স্ত্রীং গয়ানদী।

ফল্গুনী—স্ত্রীং কাকোদুম্বরিকাবৃক্ষঃ। বা। [ভাষা।

ফল্গুফলং—ক্লীং কাকোডুম্বরি কাফলং। ডুমুর।

ফল্গুফলা } স্ত্রীং কাকোডুম্বরিকা বৃক্ষঃ। ডমুর
ফল্গুবাটিকা } গাছ ভাষা। বা। [গাছ ভাষা। রা।

ফল্গুবৃন্তাকঃ—পুং শ্যোনাকবৃক্ষঃ ভেদঃ। সোনা

ফল্যং—ক্লীং পুষ্পং। ফুল ভাষা। শ। [শব্দমা।

ফল্লকী (ন্) পুং ফলকামৎস্যঃ। ফলুই ভাষা।

ফা

ফাঃ—পুং সন্তাপঃ।

ফাটকী—স্ত্রী স্ফটী।

ফাণিঃ—স্ত্রীং গুড়ঃ। করম্ভঃ। উ।

ফাণিতং—ক্লীং পুং অর্দ্ধাবর্ত্তেতেক্ষুরসঃ। ফেণী, আদগুড় আকের রস ইতিচ ভাষা। অ। *। লক্ষণং গুণাচ। *। ইক্ষোরসস্তু যঃ পক্বঃ কিঞ্চিদ্ গাঢ়ো বহুদ্রবঃ সএবেক্ষু বিকারেষু খ্যাতিঃ ফাণিত সংজ্ঞয়া। ফাণিতং গুর্ব্বভি ষ্যন্দি বৃংহণং কফ শুক্রকৃৎ। বাতপিত্ত শ্রমান্ হন্তি মূত্রবস্তি বিশোধনং। ভা। অন্যচ্চ। *। মধুর, ত্রি দোষঘ্নচ্চ। সুশ্রু।

ফাণ্টং } ত্রিং কষায় ভেদঃ। *। যথা। *।
ফাণ্টকঃ } ক্ষিপ্তোষ্ণ তোয়ে মৃদিতঃ ফাণ্ট মিত্য ভি ধীয়তে। *। অপিচ। *। ক্ষুণ্ণদ্রব্য পলে সম্যক্ জলমুষ্ণং বিনিঃক্ষিপেৎ। পাত্রেচতুঃপল মিতি ততস্ত স্রাবয়েজ্জলং। সোহয়ং চূর্ণদ্রবঃ ফাণ্টোভিষগ ভি রভিধীয়তে। বৈপ। তনমানং দ্বিপলোন্মিতং। ভা।

ফালঃ—পুং ক্লীং লাঙ্গলাস্থ ভূমি বিদারক লৌহং। লাঙ্গলের ফাল ভাষা। [কাপড় ভাষা। মে।
ফালং—ত্রিং কার্পাস বস্ত্রং। কাপাসের সূতা
ফালাঃ—স্ত্রী জম্বীর বীজানি। [ভাষা। রা।
ফাল্গুনঃ—পুং অর্জ্জুনবৃক্ষঃ। আর্জন গাছ।
ফাল্গুনানুজঃ—পুং বসন্তকালঃ। চৈত্র বৈশাখ ভাষা। হা।

ফি

ফিঙ্গকং—ক্লীং কুলিঙ্গ পক্ষী। ফিঙ্গে ভাষা। অ
ফিরঙ্গঃ—পুং স্বনাম খ্যাত ম্লেচ্ছদেশঃ। ইংলণ্ড ভাষা। ইতি মেরুতন্ত্রে। রোগবিঃ, । * লক্ষণং যথা। *। ফিরঙ্গ সংজ্ঞকে দেশে বাহুল্যে নৈবযদ্ভবেৎ। তস্মাৎ ফিরঙ্গ ইত্যুক্তোব্যাধির্ব্যাধি বিশারদৈঃ। গন্ধযোগঃ ফিরঙ্গোহয়ং জায়তে দেহিনাং ধ্রুবং। ফিরঙ্গিনো হঙ্গসংসর্গাৎ ফিরিঙ্গিণ্যা প্রসঙ্গতঃ। ব্যাধি রাগন্তুজোহেয় দোষাণা মত্র সংক্রমঃ। ভবেত্তলক্ষয়ে ত্তেষাং লক্ষ নৈ ভি যত্নাং বরঃ। ফিরঙ্গ স্ত্রিবিধো জ্ঞেয়ো বাহ্যাভ্যন্তর ভেদতঃ। বহিরন্ত ভব স্তেষাং লিঙ্গানিচ তথাব্রুবে। তত্র বাহ্যঃ ফিরঙ্গঃ স্যাদ্ বিস্ফোট সদৃশো হল্প-রুক্। স্ফুটিতো ব্রণবদ্ বৈদ্যঃ স্রথঃ সাধ্যোহপি সম্মতঃ। সন্ধি ষ্যাভ্যন্তরঃ সম্যা দাম বাত ইব ব্যথাং। শোথক্ত জনযে দেষ কষ্টসাধ্যো বুধৈঃ স্মৃতঃ। ভা।

ফিরঙ্গরোটিকা } স্ত্রীং রোটিকা বিঃ, পাঁউ-
ফিরঙ্গরোটী } রুটী ভাষা। ইতি পাকরাজে।
ফিরঙ্গিনী—স্ত্রীং ফিরঙ্গ দেশোদ্ভবা নারী। মেম্ ভাষা। ভা।

ফু

ফুকঃ—পুং পক্ষী। শ।
ফটঃ—ত্রিং সর্পফণা। হে।
ফুৎকরঃ পুং অগ্নিঃ শ।
ফুৎকারঃ—পুং ফুৎকরণং। ফুঁ দেওয়া ভাষা।
ফুৎকৃতিঃ—স্ত্রীং ফুৎকারঃ।
ফুপ্ফুসঃ—পুং ফুস্ফুসঃ। নি।
ফুল্লঃ—ত্রিং বিকসিতঃ। ফোটাভাষা। পুষ্পং।
ফুল্লকালঃ—পুং শূর্পবাতঃ। কুলার বাতাস ভাষ।
ফুল্লীকঃ—পুং সর্পঃ। বৈভ।
ফুল্লোচনঃ—পুং মৃগবিঃ,। ভা।
ফুস্ফুসঃ—পুং হৃদয় মধ্যস্থ আশয় বিঃ,। ফুলক, ফুলঝরা,। ফ্যাপড়া, কাপাসে ইতিচ ভাষা। *। তৎপর্য্যায়। *। কোষ্ঠঃ। শ। ফুপ্ফুসঃ। রক্তফেনজঃ। * লক্ষণং যথা। *। হৃদয়া-দ্বামতোহধশ্চ ফুস্ফুসো রক্তফেনজঃ। ভা। |*। ফুস্ফুসস্ত দ্বিধা ভিন্নো বাম দক্ষিণ ভেদতঃ পোশ্যাং বক্ষঃ স্থল স্থায়াং সমাসন্নোহংশশীর্ষকঃ। অধো বিশালো বহুভিঃ কোষৈরিব মধুক্রমঃ। দুষ্ট শোণিত সংশুদ্ধি কোষহয়ং পরিকী-র্ত্তিতঃ। তরুণাস্থিময়ীনাড়ী জিহ্বা মূলাৎ প্রধাবিতা। অধঃশাখা দ্বয়বতী ফুস্ফুস দ্বয় মাগতা। ততঃশাখা দ্বয়াৎ তস্মাৎ বহবঃ শাখা বিনিঃসৃতাঃ কোষেষু ফুস্ফুসস্থেষু সূক্ষ্মাঃ সরূপ স্থিতাঃ। নাসা মুখ সমা কৃষ্টঃ পবনঃ শ্বাস কর্ম্মণঃ। শ্বাস নাড্যা তয়া সর্ব্বাং স্তান কেষান্ প্রবিশত্যসৌ। আ

ফে

ফেণঃ—পুং সমুদ্রফেণঃ। সমুদ্রফেণা ভাষা। অ

তরল দ্রব্যোপরিস্থিত বুদ্‌বুদাকার বস্তু। ফেনা ভাষা। ইতিপুরাণে।

ফেণী—স্ত্রীং স্বনাম খ্যাত মিষ্টান্ন বিঃ। বাতাসা ভাষা। ইতি জীর্ণমঞ্জরি।

ফেনঃ—পুং ফেণঃ। অ।

ফেনং—ক্লীং সমুদ্রফেণঃ। রা

ফেনকঃ—পুং সমুদ্রফেণঃ। রি। ফেনঃ। ফেনা ভাষা। পিষ্টকরিঃ, । * । গুণাঃ। *। কফ শুক্র কারি, বায়ু পিত্তনাশি। বাজ। [যাউ ভাষা]

ফেনকা—স্ত্রীং জলপরতণ্ডুল চূর্ণং। ক্ষুদের

ফেন দুগ্ধা স্ত্রীং দুগ্ধ ফেনী ক্ষুপঃ। বা।

ফেনমেহঃ—পুং মেহরোগ বিঃ। *। লক্ষণং যথা স্তোকং স্তোকং সফেনং ফেন মেহেন মেহতি। সুশ্রু।

ফেনা—স্ত্রীং চর্ম্মকষা। চামরকষা ভাষা। রা।

ফেনাগ্রং—ক্লীং বুদ বুদং। বুড় বুড়ী ভাষা।

ফেনাশ্মভস্ম (ন) বিষ ভেদঃ। সেঁকো ভাষা।

ফেনিকা—স্ত্রীং পক্কান্ন বি,। খাজা ভাষা *। অস্যাঃ পাক প্রণালী যথা। *। সমিতায়া ঘৃতাঢ্যায়া বর্ত্তিং দীর্ঘাং সমাচরেৎ। তাসু সন্নিহিতা দীর্ঘাঃ পীঠস্যোপারি ধারয়েৎ। বেল্লয়েদ্‌ বেল্লনে নৈতা যথৈকা পর্পটি ভবেৎ। তত শ্চুরিকয়া তাস্ত সংলগ্না মেবকর্ত্তয়েৎ। ততস্ত বেলয়েদ্‌ ভূপঃ সট্ট কেন চ লেপয়েৎ। শালি-চূর্ণং ঘৃতং তোয়ং মিশ্রিতং সট্টকং ভবেৎ। ততঃ সংবৃত্য তল্লোপত্রীং বিদধীত পৃথক পৃথক্‌। পুনস্তাং বেল্লয়ে ল্লোপ্তীং যথা স্যান মণ্ডলাকৃতিঃ। ততঃ স্তাং সুপচেদাজ্যে ভবে-যুশ্চ পুটাঃ পুটাঃ। সুগন্ধয়া শর্করয়া তদ্‌ধ্বলন মাচরেৎ। সিদ্ধেষা ফেনিকা নাম্নী মণ্ডকেন সমা গুণৈঃ। ততঃ কিঞ্চিল্লঘু র্বিয়ং বিশেষেয়-মুদাহৃতাং। ভা।

ফেনিলঃ—পুং অরিষ্ট বৃক্ষঃ। রিঠে ভাষা। অ।

ফেনিলং—ক্লীং কোলিফলং। কুল ভাষা। মদন ফলং। ময়না ফল ভাষা। মে। (ভাষা। রা

ফেনিলঃ—ত্রিং ফেনাযুক্তঃ। নি। বদর বৃক্ষঃ। কুল

ফেনিলচ্ছদঃ—পুং কোলিবৃক্ষঃ। কুলগাছ ভাষা ক্ষুপভেদঃ। দয়ে খয়ে ভাষা।

ফেনী—স্ত্রীং ফেনিকা। খাজা ভাষা।

ফেরঃ, ফেরণ্ডঃ, ফেরবঃ, ফেরুঃ } পুং শৃগালঃ। শেয়াল ভাষা। শব্দর

ব।

বঃ পুং কুম্ভঃ। কলসী ভাষা। শব্দর।

বড়বা— স্ত্রীং ঘোটকী। অ। বড়বাগ্নিঃ। কে।

বড়বাগ্নিঃ, বড়বানলঃ, বড়বামুখঃ } পুং সমুদ্রস্থিতাগ্নিঃ। সমুদ্রের আগুণ ভাষা। ত্রি।

বণিগ্‌বন্ধুঃ পুং নীলীবৃক্ষঃ। নীলগাছ ভাষা। শ।

বণিগবহঃ পুং উষ্ট্রঃ। উট্‌ ভাষা। শ।

বদনং ক্লীং মুখং। অ।

বদরং—ক্লীং কোল পরিমাণং। দুই তোলা ভাষা। সেবি ফলং। সেও হিন্দী ভাষা। কার্পাস ফলং। *। দেবসর্ষপ বৃক্ষঃ। কোলি ফলং কুল ভাষা। কোলিবিঃ। শেয়াকুল ভাষা। তং পর্য্যায়ঃ। * ঘোন্টা। অ। গোপঘোন্টা। সুশ্রু। হস্তিকোলিঃ। গোপঘোন্টী। বদরীচ্ছদা। শৃগালকোলিঃ। বাদিরং। শব্দর। কর্কন্ধুঃ। * অন্যৎ ঘোন্টা শব্দে দ্রষ্টব্যং। *। । *। অথ বৃহৎ কোলি পর্য্যায়ঃ। *। সৌবীরং। ব। কোলি মাত্রং। তং পর্য্যায়ঃ। *। সৌবীরকঃ। গূঢ় ফলঃ। বালেষ্টঃ। ফল শৈশিরঃ। দৃঢ় বীজঃ। বৃত্তফলঃ। কণ্টকী। বক্রকণ্টকঃ। সুরসঃ। সুফলঃ। স্বচ্ছঃ। রা। কর্কন্ধুঃ। বদরঃ। কোলী। কোলা। কুবলী। স্বাদুফলা। গৃধ্রনখী। পিচ্ছিলা। কুবলঃ। শব্দর। *। অস্য গুণাঃ। *। মধুরাম্ল, কষায়,। *। পক্কস্য তস্য গুণাঃ

। * । মধুরাম্ল,, উষ্ণ, কফ কারি, 'পবনাতিসার, রক্তশ্রম দোষার্ত্তি বিনাশি, রুচ্যন্তক । রা । * । অপিচ । * । পুংসি স্ত্রিয়াঞ্চ কর্কন্ধু বদরী কোল মিত্যপি। ফেনিলং কুবলং ঘোণ্টা সৌবীরং বদরং মহৎ। অজাপ্রিয়া কুহা কোলী বিষমো ভয় কণ্টকঃ।*। অথ বদর বিশেষাণাং লক্ষণানি গুণাশ্চ।*। পচ্যমানং সুমধুরং সৌবীরং বদরং মহৎ। সৌবীরং বদরং শীতং ভেদনং গুরু শুক্রলং। বৃংহণং পিত্ত দাহাস্র ক্ষয়, তৃষ্ণা নিবারণং। সৌবীরাল্পমু সংপক্বং মধুরং কোলমুচ্যতে। কোলক্ত বদরং দাহিরুচ্য মুষ্ণঞ্চ বাত হৃৎ। কফ পিত্ত করঞ্চাপি গুরুসারক মীরিতং। কর্কন্ধুঃ ক্ষুদ্রবদরং কথিতং পূর্ব্ব সূরিভিঃ। অম্লং স্যাৎ ক্ষুদ্র বদরং কষায়ং মধুরং মনাক। স্নিগ্ধং গুরু চ তিক্তঞ্চ বাত পিত্তাপহং স্মৃতং। শুষ্কং ভেদ্যাগ্নি কৃৎ সর্ব্বং লঘু তৃষ্ণা ক্লমাস্র জিৎ। ভা। *। অথ বদরস্য পত্র গুণাঃ। *। বদরস্য পত্রলেপো জ্বর দাহ বিনাশনঃ। ত্বচা বিস্ফোট শমনী বীজং নেত্রাময়াপহং। অন্যৎ কোল, কোলি শব্দে চ দ্রষ্টব্যং। রা।

বদরফলী } স্ত্রী ভূবদরী বৃক্ষঃ। ঝড়বের হিন্দী
বদরবল্লী } ভাষা। রা।

বদরা—স্ত্রীং বরাহক্রান্তা। কার্পাসী। কার্পাস ভাষা। বারাহী। চমালু ভাষা। অ। এলাপর্ণী এলানী ভাষা। মে। বিষ্ণুক্রান্তা। বি। আদিত্য ভক্তা। হুড় হুড়ে ভাষা। ভা।

বদরামলকং—ক্লীং প্রাচীনা মলকং। পানী আমলা ভাষা। হা।

বদরিঃ } স্ত্রীং কোলি বৃক্ষঃ। কুল ভাষা। শ।
বদরী } কার্পাসী। কাপাস ভাষা। শব্দর। কপিকচ্ছুঃ। আলকুশী ভাষা। রা। বিদারী। ভুঁই কুমড় ভাষা। কে।

বদরীচ্ছদঃ—পুংকোলি পত্রঃ।কুলের পাতা ভাষা

বদরীচ্ছদা—স্ত্রীং হস্তি কোলি বৃক্ষঃ। শেয়া কুল ভাষা। শব্দনখী। র।

বদরী পত্রঃ } পু—ক্লীং নখীনাম গন্ধদ্রব্যং। রা
বদরী পত্রকঃ }

বদরীফলং—ক্লীং কোলফলং। কুলভাষা। শব্দর

বদরীফলা—স্ত্রীং নীল শেফালিকা। শব্দমা।

বদ্ধগুদং—ক্লীং উদররোগ বিঃ, । * । লক্ষণং যথা। । * । যস্যান্ত্রমন্নৈরুপলেপিভির্ব্বা বালাশ্মাভির্ব্বা পিহিতংযথাবৎ। সঞ্চীয়তে তস্য মলঃ সদোষাৎ শনৈঃ শনৈঃ শঙ্কর বচ্চ নাড্যাং। নিরুদ্ধ্যতে তস্য গুদে পুরীষং নিরেতি কৃচ্ছ্রা দপি চাল্পমল্পং। হৃন্নাভি মধ্যে পরিবৃদ্ধি মেতি তস্যোদরং বদ্ধ গুদং বদন্তি। নি।

বদ্ধশিকী—স্ত্রীং মুষ্টিঃ। মুঠ ভাষা। [ভাষা। রা।

বদ্ধফলঃ—পুং করঞ্জবৃক্ষঃ। ডহরকরমচা।

বদ্ধরসালঃ—পুং ত্রিবিধ রাজাম্র গতাত্যন্ত মাক্সম্ব।*। তৎ পর্য্যায়ঃ।*। চক্র লতাম্রঃ। মধ্বাম্রঃ। সিতজাম্রকঃ। বনেজ্যঃ। মন্মথানন্দঃ। মদনেচ্ছাফলঃ। অন্যৎ মহারাজচূত শব্দে দ্রষ্টব্যং। রা।

বদ্ধশিখা—স্ত্রীং উচ্চটা। মে।

বধঃ—পুং হত্যা।

বধকঃ—পুং ব্যাধিঃ। মৃত্যুঃ।

বধত্রং—ক্লী অস্ত্রং। উ।

বধিরঃ—ত্রিং শ্রুতিশক্তিহীনঃ। কালাভাষা। অ। লক্ষণং বাধির্য্য শব্দে দ্রষ্টব্যং।

বধূঃ—স্ত্রীং • পৃক্কা। পিড়িংশাকভাষা। নারী। অ। শারিবা। অনন্তমূল ভাষা। শটী। মে। অনূপ দেশজ রক্ত শীর্ষক শাকভেদঃ। বৌটুপনি যশোহর দেশীয় ভাষা। [। রা।

বধূকপুষ্পঃ—পুং অসনবৃক্ষঃ। পেয়াশাল ভাষা
বধূৎসবপ্রসবঃ—পু রক্তাম্লানবৃক্ষঃ। রা।
বধ্রং } স্ত্রী সীসকং। সীসে ভাষা। জ।
বধ্রক }
বধ্রী—স্ত্রী চর্ম্ম বজ্জুঃ।
বন্ধঃ—পুং শরীরং। হে।
বন্ধনং—ক্লীং বন্ধন ক্রিয়া। বাঁধা ভাষা। কাঞ্চী। চন্দ্রহার ভাষা। শব্দর। রজ্জুঃ। দড়ি ভাষা।
বন্ধপত্রঃ } পুং হিন্তালবৃক্ষঃ। হেঁতাল ভাষা।
বন্ধপত্রকঃ }
বন্ধুঃ } পুং বন্ধূক পুষ্প বৃক্ষঃ। বান্ধুলী ফুল
বন্ধুকঃ }
বন্ধু জীবঃ } ভাষা। শব্দর।
বন্ধুজীবকঃ }
বন্ধুরঃ—পুং বন্ধুক পুষ্প বৃক্ষঃ। বধিরঃ। কালা ভাষা। তিলকল্কং। হংসঃ। হাঁস ভাষা। স্ত্রী-চিহ্নং। মে। বিড়ঙ্গঃ। হে। ঋষভৌষধং। রা। বকপক্ষী। পক্ষী। শব্দর।
বন্ধুলঃ—পুং বন্ধূক পুষ্প বৃক্ষঃ। শব্দর।
বন্ধূকঃ—পুং পীত সাল বৃক্ষঃ। পিয়া সাল ভাষা। মে। পুষ্প বৃক্ষবিঃ,। বান্ধুলী দোপাটী, ইতিচ বঙ্গভাষা। দোপরিয়া, গেজুলিয়া ইতিচ হিন্দী ভাষা। *। তৎ পর্য্যায়ঃ। *। রক্তকঃ। বন্ধু জীবকঃ। অ। বন্ধুকঃ। বন্ধুঃ। বন্ধুলঃ। বন্ধূ-জীবকঃ বন্ধুজীবঃ। বন্ধূলিঃ। বন্ধুরঃ। শব্দর। সূর্য্যভক্তঃ। মে। সূর্য্যভক্তকঃ। শব্দমা। ওষ্ঠ পুষ্পঃ। অর্কবল্লভঃ। মধ্যন্দিনঃ। রক্তপুষ্পঃ। রাগ পুষ্পঃ। হরিপ্রিয়ঃ। অসিত সিত পীত লোহিত পুষ্প বিশেষাচ্চতু র্বিধো বন্ধূকঃ। জ্বর হরো বিবিধারি গ্রহ শমনঃ প্রশান্দনঃ সবিতুঃ স্যাৎ। রা। *। অন্যচ্চ। *। বন্ধূকো বন্ধুজীবশ্চ রক্তো মাধ্যাহ্নিকো হপিচ। বন্ধূকঃ কফকৃদ্ গ্রাহীবাতপিত্ত হরোলঘুঃ। ভা।
বন্ধূকপুষ্পঃ—পুংপীতশালবৃক্ষঃ। পেয়াশালভাষা। অ। বীজক বৃক্ষঃ। বিজয়াসার হিন্দী ভাষা। র।
বন্ধূজীবকঃ—পুং বন্ধূক পুষ্প বৃক্ষঃ। শব্দর।
বন্ধূরঃ—পুং ঋষভৌষধিঃ। রা। বন্ধূক পুষ্প বৃক্ষঃ।
বন্ধূলঃ } পুং বন্ধূক পুষ্পবৃক্ষঃ। বাঁধুলী ফুল
বন্ধূলিঃ } ভাষা। শব্দর।
বন্ধ্যা—স্ত্রীং বালাখ্য গন্ধদ্রব্যং। শ। বন্ধ্যা-কর্কোটকী। রা। অপ্রজস্ত্রী। বাঁজা ভাষা। মে। যোনি রোগবিঃ,। *। বন্ধ্যা নিরার্ত্তবা জ্ঞেয়া বিপ্লুতা নিত্য বেদনা। ভা।
বন্ধ্যাকর্কোটকী } স্ত্রীং তিক্তকর্কোটকী।
বন্ধ্যাকর্কোটী } ঝঝ খখসা, ঝাঁঝ চটেল, ঝাঁঝ ককৃরোল ইতিচ হিন্দী ভাষা। *। তৎ পর্য্যায়ঃ। *। বন্ধ্যা। দেবী। নাগারাতিঃ। নাগ হন্ত্রী। মনোজ্ঞা। পথ্যা। দিব্যা। পুত্রদা। সকন্দা। কন্দবল্লী। ঈশ্বরী। শ্রীকন্দা। সুগন্ধা সর্পদমনী। বিষকন্দকিনী। পরা। কুমারী। ভূতহন্ত্রী। *। অস্যাগুণাঃ। *। তিক্ত, কটু, উষ্ণ, কফাপহ, স্থাবরাদি বিষঘ্ন, রসায়নত্বঞ্চ। রা। *। অপিচ। *। বন্ধ্যা কর্কোটকী দেবী কান্তা যোগেশ্বরীতিচ। নাগারি র্ভুজদমনী বিষকণ্টকিনী তথা। বন্ধ্যা কর্কোটকী লঘ্বী কফনুদ্ ব্রণশোধিনী। সর্পদর্পহরী তীক্ষ্ণা বিসর্প বিষহারিণী। ভা।
বপ্রং—ক্লীং সীসকং। সীসেভাষা। অটী।
বভ্রিঃ—পুং বজ্রং। বাজ ভাষা।
বভ্রুঃ—পুং নকুলঃ। বেজীভাষা। মূষিকঃ। ইঁন্দুর ভাষা। সিতাবর শাকং। শুষুনী ভাষা। রা।
বভ্রুদেহঃ—পুং নকুলঃ। বেজী ভাষা। ভা।
বভ্রুধাতুঃ—পুং স্বর্ণ গৈরিকং স্বর্ণক মাটী ভাষা

বরং—ক্লীং কুঙ্কুমং। ত্বচং। দারচিনী ভাষা। বালকং।বালাভাষা। আর্দ্রকং। আদা ভাষা।
বরঃ—পুং সিহ্লকঃ। শিলারস ভাষা। গন্ধকঃ।
বরকঃ—পুং বনমুদ্গঃ। বনমুগ ভাষা।
বরজম্বূঃ—স্ত্রীং রাজজম্বুঃ। জামরুল ভাষা।
বরা—স্ত্রীং ত্রিফলা। মে। গুড়ূচী। গুলঞ্চ ভাষা। মেদা। ব্রাহ্মী। ব্রহ্মীশাক ভাষা। বিড়ঙ্গঃ। পাঠা। আকনিদি ভাষা। হরিদ্রা। রা।
বরী—স্ত্রীং শতাবরী। শতমূল ভাষা। মে। [ত্রি।
বর্বটঃ, বর্বটী—পুং—স্ত্রীং রাজমাষঃ। বরবটীভাষা।
বর্বণা—স্ত্রীং নীলবর্ণ মক্ষিকা। নীলেমাছী ভাষা
বর্বরশাকঃ—পুং স্ত্রীং ভার্গী। বামন হাটী ভাষা।
বর্হং—ক্লীং ময়ূর পিচ্ছং। ময়ূরের চাঁদ ভাষা। অ।
বলং—ক্লীং গন্ধরসঃ। মে। শুক্রং। তেজ ভাষা। হে। শরীরং। জ। পল্লবং। বক্তং।শ। সামর্থং। জোর ভাষা। তত্র গর্ভস্থস্য বালকস্য ষষ্ঠে মাসি ভবতি। ইতি সুখ বোধঃ।*। লক্ষণং যথা। *। রসাদি শুক্র পর্য্যন্তং পুষ্টধাতু নিমিত্তকং।চেষ্টাসু পাটবং যত্তু বলং তদভিধীয়তে।*। তস্যক্ষয় লক্ষণং যথা।*। অভিঘাতাৎ ভয়াৎ ক্রোধাৎ চিন্তয়াচ্চ পরিশ্রমাৎ ধাতূনাং সংক্ষয়াচ্ছোকাৎ বলং সংক্ষীয়তে নৃণাং।*। মতান্তরে বল লক্ষণং যথা।*। দোষ সাম্য করং যত্তু বহ্নিসাম্য করঞ্চযৎ। ধাতু পুষ্টিকরং দ্রব্যং বলং তদভি ধীয়তে।ভা।
বলঃ—পুং কাকপর্ণী।অ। বরুণবৃক্ষঃ। বর্ণে গাছ ভাষা।শ। রাজমাষঃ। বরবটী ভাষা। মেঘঃ। ইতি বৈদ্যনির্ঘণ্টঃ।
বলঃখদিরঃ—পুং খদিরভেদঃ পাঁপিড়ি ভাষা।
বলজা—স্ত্রীং যূথী পুষ্পবৃক্ষঃ। যূঁইভাষা। মে।
বলদঃ—পুং জীবকৌষধিঃ। রা।
বলদা—স্ত্রীং অশ্বগন্ধা। রা।
বলদীনতা—স্ত্রীং গ্লানিঃ। হে।

বলদেবা—স্ত্রীং ত্রায়মাণালতা। বলাডুমুর ভাষা
বলভদ্রঃ—পুং লোধ্রবৃক্ষঃ। লোধ ভাষা। [illegible]। গবয় পশুঃ। চমর গরুভাষা। রা।
বলভদ্রা—স্ত্রীং কুমারী। ঘৃত কুমারী ভাষা। ত্রায়মাণা। বলাডুমুর ভাষা। অ।
বলভদ্রিকা—স্ত্রীং ত্রায়মাণা। অ। মাষ রোটিকা। মাষকলাইয়েররুটী ভাষা। [বালা ভাষা।
বলয়ং—ক্লীং পুংঅস্থি বিঃ,। ভা। অভরণ বিঃ,
বলয়ঃ—পুং গলরোগ বিঃ,।*। লক্ষণং যথা।*। বলাস এবায়ত মুন্নতঞ্চ শোফং করোত্যন্নগতিং নিবার্য্য। তং সর্বথৈবা প্রতিবার বীর্য্যং বিবর্জ্জনীয়ং বলয়ং বদন্তি। ভা।
বলবতী—স্ত্রীং এলা। এলাচ ভাষা।
বলবর্দ্ধিনী—স্ত্রীং জীবকৌষধিঃ। জ।
বলবয়স্যা—স্ত্রীং মদিরা। মদভাষা। ভা।
বলবান্ (ৎ)ত্রিং বলবিশিষ্টজনঃ। অ।
বলহা (ন্)—পুং শ্লেষ্মা। শব্দর।
বলক্ষঃ—পুং শুক্লবর্ণঃ। সাদাভাষা। অ।
বলক্ষগুঃ—পুং চন্দ্রঃ। ত্রি।
বলা—স্ত্রীং ক্ষুপবিঃ,। বেড়েলা, জুঁকাবেড়েলা ইতিচ ভাষা।*। তৎপর্য্যায়ঃ। *। বাট্যালকঃ। অ। ওদনী। মে। বলিনী। শ। সমঙ্গা। ওদনিকা। ভদ্রা। ভদ্রৌদনী। খরককাষ্ঠিকা কল্যাণিনী। ভদ্রবলা। মোটা। পাটী। বলাঢ্যা। রা। শীতপাকী। বাট্যা। বাটী। নিলয়া। বাট্যালী। বাটিকা। শব্দর। *। অস্যাগুণাঃ *। অতিতিক্ত, মধুর, পিত্তাতিসার নাশি, বলবীর্য্য প্রদ, পুষ্টিকফরোধ বিশোধনত্বক। রা। *। অথবলাচতুষ্টয় নামানি। *। বলা বাট্যালিকা বাট্যা সৈব বাট্যালিকাপিচ। মহাবলা পীতপুষ্পী সহদেবীচ সাস্মৃতা। অন্যৎ সহদেবী শব্দে দ্রষ্টব্যং। ততোঽন্যাতি বলা ঋষ্যপ্রোক্তা কঙ্কতিকা মহা। গাঙ্গেরুকী নাগবলা ঋষ্যা

হ্রস্ব গবেধুকা। বলাচতুষ্টয়ং শীতং মধুরং বলকান্তিকৃৎ। স্নিগ্ধং গ্রাহি সমীরাস্র পিত্তাস্র ক্ষতনাশনং। বলামূল ত্বচশ্চূর্ণং শীতং সক্ষীর শর্করং। মূত্রাতিসারং হরতি দৃষ্ট মেতন্নসংশয়ং। ভা।

বলাকা } স্ত্রীং বকজাতিবিঃ,। সাদাবক্
বলাকী } ভাষা। *। তৎপর্য্যায়ঃ। *। বিস কণ্ঠিকা। অ। করায়িকা। ভূ। পিঙ্গলিকা। জ। বকেরুকা। মে। বিষকণ্ঠা। বলাকী শব্দর। বিষকণ্ঠী। শুক্লাঙ্গা। দীর্ঘকন্ধরা। স্বর্ম্মাস্তকামুকী। বেতা। মেঘানন্দা। জলাশ্রয়া। *। অস্যা গুণাঃ। *। বলদায়ি, অন্যে বকবলাকাদ্যা গুরবঃ প্রাণিভক্ষণাৎ। অন্যং বকশব্দে দ্রষ্টব্যং। রা।

বলাটঃ—পুং মুদ্গঃ। মুগ ভাষা। হে।

বলাঢ্যঃ—পুং মাষঃ। মাষকলায় ভাষা। রা।

বলাম্বিকা—স্ত্রীং হস্তিশুণ্ডী। হাতিশুঁড় ভাষা।

বলাদ্যা—স্ত্রীং বলা। বেড়েলা ভাষা। রা।

বলামোটা—স্ত্রীং নাগদমনী। নাগদানা ভাষা।

বলায়ঃ—পুং বরুণ বৃক্ষঃ। বর্ণে ভাষা। শ।

বলার্দ্ধং—ক্লীং শরীরার্দ্ধ বলং। *। লক্ষণং যথা। *। হৃদয়স্থো যদা বায়ু র্বক্তুং শীঘ্রং প্রপদ্যতে। মুখঞ্চ শোষং লভতে। তদ্বলার্দ্ধস্য লক্ষণং। অন্যচ্চ। *। ললাট কিম্বা নাসায়াং গাত্র সন্ধিষু কক্ষয়োঃ। যদা সঞ্জায়তে স্বেদো বলার্দ্ধন্ত তদাদিশেৎ। ভা। ভাষা

বলালকঃ—পুং পানীয়ামলকং। পানী আমলা

বলালুঃ—পুং শঙ্খালুঃ। শাঁখ আলু ভাষা।

বলাশঃ } পুং শ্লেষ্মা। ভা। *। কণ্ঠগত রোগ বিঃ,
বলাসঃ }

লক্ষণং যথা। *। গলেচ শোফং কুরুতঃ প্রবৃদ্ধৌ শ্লেষ্মানিলৌ শ্বাস রুজোপপন্নং। মর্ম্মচ্ছিদং দুস্তর মেন মাহু র্বলাস সংজ্ঞং ভিষজো বিকারং। সুশ্রু।

বলাসকঃ } পুং নেত্র রোগান্তর্গত শুক্লগত
বলাসকাখ্যঃ } রোগ বিঃ। *। লক্ষণং যথা *।
কাংসাভো ভবতি শিরাবৃতঃ সিতে যো বিন্দু র্বা সতু নিরুজো বলাসকাখ্যঃ। সুশ্রু।

বলাহকঃ—পুং মুস্তকঃ। মুথ ভাষা। পর্ব্বতঃ। মেঘঃ। অ।

বলাহ্বকন্দঃ—পুং গুলঞ্চকন্দঃ। রা।

বলিঃ—পুং গন্ধকঃ। ভা। অগ্নিমন্থবৃক্ষঃ। গণিয়ারী ভাষা। গুড়ঃ।

বলিঃ—স্ত্রীং জরয়াশ্লথ চর্ম্ম। তুবড়ান চামড়া ভাষা জঠরাবয়বঃ। মে। গুদাঙ্কুরঃ। অর্শের বলি ভাষা। নি। গুদং। মলদ্বার ভাষা। হে

বলিকা—স্ত্রীং অতিবলা। গুরু শফরী ভেদঃ।

বলিনী—স্ত্রীং বাট্যালকঃ। বেড়েলা ভাষা। শ।

বলিপুষ্টঃ—পুং কাকপক্ষী। অ।

বলিপোদকী—স্ত্রীং উপোদকী। পুঁই ভাষা। রা।

বলিপ্রিয়ঃ—পুং লোধ্রবৃক্ষঃ। লোধভাষা। শ।

বলিভুক্ (জ)—পুং কাকপক্ষী। অ।

বলিমুখঃ—পুং বানরঃ। অটীর।

বলিশানঃ—পুং মেঘঃ। ইতিবেদনির্ঘণ্টঃ।

বলিষ্ঠঃ—ত্রিং বলবান্। উষ্ট্রঃ। উট্ ভাষা। রা।

বলী (ন্) ত্রিং বলবান্। উষ্ট্রঃ। মহিষঃ। বৃষভঃ। ষাঁড়ভাষা। শূকরঃ। শুয়োর ভাষা। কুন্দবৃক্ষঃ। কুঁন্দুরুকঃ। শ্লেষ্মা। জ। মাষঃ। মাষকলাই ভাষা। হে। গণ্ডকপশুঃ। গাণ্ডার ভাষা। মেষঃ। ভেড়া ভাষা। সিংহঃ। রা।

বলীমুখঃ—পুং বানরঃ। অ।

বলীবর্দ্দঃ—পুং বৃষঃ। ষাঁড় ভাষা। অ। [ভাষা

বলোত্তরা—স্ত্রীং মহাসমঙ্গাবৃক্ষঃ। কগহিয়া হিন্দী

বল্যং—ক্লীং ত্বচং। গুড়ত্বক্ ভাষা। শুক্রং। তেজ ভাষা। রা। ত্রিলিঙ্গে বলকর দ্রব্যং। মে।

বল্যঃ—পুং ক্ষীরীশবৃক্ষঃ। র।

বল্যা—স্ত্রীং অতিবলা। গুরশফরী ভেদভাষা। অশ্বগন্ধা। শিমুড়ী ক্ষুপঃ। চঙ্গোনী হিন্দী ভাষা। প্রসারিণী। গন্ধভাদলা ভাষা। ভদ্রামুস্তা। রা। শীতমূলা। রেউচিনী ভাষা

বল্লঃ—পুং ত্রিগুঞ্জাপরিমাণং। তিনরতি ভাষা।

বল্লকঃ—পুং নিষ্পাবঃ। ভেটবাসু হিন্দী ভাষা।

বল্লকী—স্ত্রীং শল্লকীবৃক্ষঃ। শালই ভাষা।

বল্লরী—স্ত্রীং লতা। মেথিকা। মেথীভাষা।

বহু—ত্রিং অনেকং মে।

বহুকঃ—পুং কর্কটঃ। কাঁকড়া ভাষা। দাত্যূহ পক্ষী। ডাকৃভাষা। অর্কবৃক্ষঃ। আকন্দ ভাষা।

বহুকণ্টঃ } পুং ক্ষুদ্রগোক্ষুরঃ। যবাসঃ।
বহুকণ্টকঃ } দুরালভভাষা। হিন্তালবৃক্ষঃ। হে-তাল ভাষা। রা। স্নুহী বৃক্ষঃ। কে।

বহুকণ্টকা—স্ত্রীং অগ্নিদমনী ক্ষুপঃ। রা।

বহুকণ্টা—স্ত্রীং কণ্টকারী। রা।

বহুকন্দঃ—পুং শূরণঃ। ওল ভাষা। রা।

বহুকন্দা—স্ত্রীং কর্কটী। কাঁকুড় ভাষা। রা।

বহুকরঃ—পুং উষ্ট্রঃ। লম্বুবদরঃ। ছোটকুল ভাষা। শব্দর।

বহুকরী—স্ত্রীং সম্মার্জ্জনী। ঝাঁটা ভাষা। শব্দর

বহুকর্ণিকা—স্ত্রীং আখুকর্ণী। ইঁদুর কানী ভাষা ত্রি।

বহুকূর্চ্চঃ—পুং মধু নারিকেলিকঃ। এরনারিকেল ইতি কোকণ দেশীয় ভাষা। রা। [তেজপত্রং।

বহুগন্ধং—ক্লীং ত্বচং। দারচিনী ভাষা। রা।

বহুগন্ধঃ—পুং কুন্দুরকঃ। যার আটা কুন্দুরুখোটী।

বহুগন্ধদা—স্ত্রীং কস্তুরী। মৃগনাভি ভাষা। রা।

বহুগন্ধা—স্ত্রীং চম্পক কলিকা। চাঁপার কলি ভাষা। যূথিকা। যুঁই ফুল ভাষা। কৃষ্ণ জীরকঃ। কেলেজীরে ভাষা। রা।

বহুগ্রন্থিঃ—পুং ঝাবুক বৃক্ষঃ। ঝাউগাছ ভাষা। শ।

বহুছিদ্রা—স্ত্রীং চালনী। চালন ভাষা।

বহুছিন্না—স্ত্রীং কন্দগুড়ূচী। রা।

বহুতরকণিশঃ—পুং রাগীধান্যং। রা।

বহুতিক্তা—স্ত্রীং কাকমাচী। রা।

বহুত্বক্ (চ) } পুং ভূর্জ্জপত্রবৃক্ষঃ। শব্দমা।
বহুত্বকঃ }

বহুদুগ্ধঃ—পুং গোধূমঃ। গমভাষা। রা।

বহুদুগ্ধা—স্ত্রীং দুগ্ধ বতী গাভী।

বহুদুগ্ধিকা—স্ত্রীং স্নুহী বৃক্ষঃ। সেজুভাষা। শ।

বহুধারং—ক্লীং বজ্রং। হীরকং। হীরে ভাষা।

বহুনাড়িকঃ—পুং কায়ঃ। শরীর ভাষা।

বহুনাড়ীকঃ—পুং দিবসঃ।

বহুনাদঃ—পুং শঙ্খঃ। শাঁখ ভাষা। রা।

বহুনেত্রং—ক্লীং অম্লরস ফলবিঃ, আনারস ভাষা। *। অস্যগুণাঃ। *। বহুনেত্রফলকাম্লং ক্রিমিঘ্নং মধুবং সরং। রাজ।

বহুপটঃ—পুং ভূর্জ্জপত্র বৃক্ষঃ। ভূর্জ্জিপত্র ভাষা।

বহুপত্রং ক্লীং অভ্রকং। অভ্র তাষা। রা।

বহুপত্র—পুং পলাণ্ডুঃ। পাঁয়াজ ভাষা। সপ্ত-পর্ণ বৃক্ষঃ। ছেতেন ভাষা। রা।

বহুপত্রা—স্ত্রীং তরুণীপুষ্পবৃক্ষঃ। সেঁউতী ভাষা। রা। ভূম্যামলকী। ভুঁই আমলা ভাষা। ভা

বহুপত্রিকা—স্ত্রীং ভূম্যালকী। তরুণী পুষ্পবৃক্ষঃ। মেথিকা। মেথী ভাষা। মহাশতাবরী। রা। ঘৃতকুমারী।

বহুপত্রী—স্ত্রীং লিঙ্গিনীলতা। পঞ্চগুরিয়া হিন্দী ভাষা। ঘৃতকুমারী। তুলসী। জতুকালতা। বৃহতী। গোরক্ষদুগ্ধা। রা।

বহুপর্ণঃ—পুং সপ্তচ্ছদবৃক্ষঃ। ছেতেন ভাষা। রা।

বহুপর্ণিকা } স্ত্রীং আখুকর্ণী। ইঁদুর কানী পানা
বহুপর্ণী } ভাষা। মেথিকা। মেথী ভাষা। রা।

বহুপাৎ (দ্) } পুং বট বৃক্ষ। রাঃ।
বহুপাদঃ } (ভাষা। রা।

বহুপাদিকা } স্ত্রীং আখুকর্ণী। ইঁদুর কানী
বহুপাদী }

বহুপুচ্ছিকা, বহুপুচ্ছী — স্ত্রীং ভুঁম্যামলকী। ভুঁই আমলা ভাষা। ধাতকী। ধাইফুল ভাষা।

বহুপুত্রঃ, বহুপুত্রকঃ — পুং সপ্তপর্ণবৃক্ষঃ। ছাতিন ভাষা। মুচুকুন্দপুষ্পবৃক্ষঃ। শ।

বহুপুত্রা—স্ত্রীং ভূম্যামলকী। ভা।

বহুপুত্রিকা, বহুপুত্রী — স্ত্রীং শতমূলী। র। জতুকা লতা। রা। ভূম্যামলকী ভা। ঘৃতকুমারী।

বহুপুষ্পঃ—পুং পারিভদ্র বৃক্ষঃ। পালতা মাদার ভাষা। রা।

বহুপুষ্পিকা, বহুপুষ্পী — স্ত্রীং ধাতকী। ধাই ফুলভাষা রা। ভূমম্যালকী। ভূইআমলা। ভাষা র।

বহুপ্রজঃ—পুং মুঞ্জতৃণং। মুঁজ ভাষা। ইন্দুরঃ। রা। শূকর পশুঃ। হে। শঙ্খকন্দঃ।

বহুফলঃ=পুং কদম্বপুষ্পবৃক্ষঃ। মে। বিকঙ্কত বৃক্ষঃ। বুঁচ ভাষা। তেজঃফলবৃক্ষঃ। রা।

বহুফলা—স্ত্রীং ক্ষবিকাবৃক্ষঃ। বৃহতী ভেদ ভাষা মাষ পর্ণীলতা। মাষানীভাষা। কাকমাচী। ত্রপুষী। শঁসা ভাষা। শশাণ্ডুলী। কর্কটী ভেদ ভাষা। ক্ষুদ্র কারবল্লী। পুটলে উচ্চে ভাষা বালুকীকর্কটী। বাঙ্গিকাঁকুড় ভাষা। রা। কাকোডুম্বরিকা। ডুমুর গাছ ভাষা। ভূম্যা-মলকী। ভুঁই আমলা ভাষা। ভা।

বহুফলিকা, বহুফলী — স্ত্রীং ভুবদরী। ঝড় বেড় হিন্দী ভাষা। রা। আমলকী। মৃগের্ব্বারু-লতা। বড় মাকাল ভাষা।

বহুফেণা—স্ত্রীং সাতলা। সেহুণ্ড ভেদ ভাষা। রা

বহুবলঃ—পুং সিংহঃ। রা।

বহুব্রজঃ—পুং শূকরঃ। শূওর ভাষা।

বহুমঞ্জরী—স্ত্রীং তুলসী। ভা।

বহুমূত্রং—ক্লীং প্রস্রাব বৃদ্ধি রোগ বিঃ

বহুমূত্রতা—স্ত্রীং মেহ রোগঃ। হে।

বহুমলং—ক্লীং সীসকং সিসে ভাষা। র।

বহুমূলঃ, বহুমূলকঃ — পুং বনকর্পাস বৃক্ষঃ। বনকাপাস [ভাষা]

বহুমূলকং—ক্লীং উশীরং। বেণামূল ভাষা। ভা।

বহুমূলকঃ—পুং ইক্কটঃ। ওকড়া ভাষা। জ।

বহুমূলা—স্ত্রীং শতমূলী। রা। ভূম্যামলকী।

বহুমূলী - স্ত্রীং মাকন্দী। মাক্দানী। হিন্দী ভাষা

বহুমন্দিকা - স্ত্রীং মেদৌষধিঃ। রা।

বহুরসা—স্ত্রীং মহাজ্যোতিষ্মতী লতা রা।

বহুরুহা—স্ত্রীং কন্দগুড়ূচী। রা।

বহুরূপঃ, বহুরূপকঃ — পুং সর্জ্জরসঃ। ধুন ভাষা। অ। সরটঃ। গিরিগিটী ভাষা। জাহজন্তুঃ। ঘোঁষ ভাষা। রা।

বহুরূপা স্ত্রীং বনকার্পাসী।

বহুরোমা (ন) পুং মেষঃ। ভেড়া ভাষ। হা।

বহুলং—ক্লীং সিত মরিচং। রা। আকাশং মে।

বহুলঃ—ত্রিং কৃষ্ণবর্ণাং অগ্নিঃ। মে।

বহুলগন্ধা—স্ত্রীং এলা। এলাচ ভাষা। রা।

বহুলচ্ছদঃ—পুং রক্তশিগ্রুবৃক্ষঃ। লালসজনে ভাষা। রা।

বহুলপল্লবঃ—পুং শোভাঞ্জনবৃক্ষঃ। সজনে ভাষা

বহুলবণং—ক্লীং ঔষরকং। খারিনুন্ ভাষা

বহুলবর্ত্ম (ন্) ক্লীং নেত্ররোগান্তর্গত বর্ত্মজ রোগ বিঃ। । *। লক্ষণং যথা। *। বর্ত্মোন চীয়তে যস্য পিড়কাভি সমন্ততঃ। সবর্ণাভিঃ স্থিরাভিশ্চ বিদ্যাভদ্ বহুলবর্ত্ম তৎ। ভা।

বহুলবল্কলঃ—পুং প্রিয়াল বৃক্ষঃ। পিয়াল ভাষা। ভা। ভূর্জ্জপত্র বৃক্ষঃ। রা।

বহুলা স্ত্রীং নীলিকা। নীলগাছ ভাষা। এলা। এলাচ ভাষা। মে। গৌঃ। হরিদ্রা।

বহুলিঙ্গী—স্ত্রীং কুক্কুটী।

বহুবল্কঃ—পুং প্রিয়াল বৃক্ষঃ। র।

বহুবল্লী—স্ত্রী ডোডী ক্ষুপঃ। রা।

বহুবারঃ
বহুবারকঃ } পুং ফল বৃক্ষঃ ভেদঃ। বহুয়ার বোয়ারিয়া, ইতিচ বঙ্গভাষা। লিসোড়া, রুহিলা ইতিচ হিন্দী ভাষা। ।*। তৎপর্য্যায়ঃ।*। শেলুঃ। শীতঃ। শ্লেষ্মাতঃ। শ্লেষ্মাতকঃ। উদ্দালঃ। উদ্দালকঃ। শব্দর। সেলুঃ। অটীভ।*। অস্যগুণাঃ।*। হিম, শ্লেষ্মল, শুক্রকারি, গুরু, দুর্জ্জর, মধুরস্বক্ত। রাজ। ।*। অপিচ।*। বহুবারশ্চ শীতঃ স্যাদুদ্দালো বহুবারকঃ। শেলুঃ শ্লেষ্মাতকশ্চাপি পিচ্ছিলোভূতবৃক্ষকঃ। বহুবারো বিষস্ফোটব্রণ বীসর্প কুষ্ঠনুৎ। মধুর স্তবর স্তিক্তঃ কেশ্যশ্চ কফপিত্তহৃৎ। ফলমামন্তু বিষ্টম্ভি রূক্ষং পিত্ত কফাস্র জিৎ। তৎপক্বং মধুরং স্নিগ্ধং শ্লেষ্মলং শীতলং গুরু।

বহুবিস্তীর্ণা—স্ত্রীং কুচিকাবৃক্ষঃ। কুচুই কাঁটা ভাষা। শ।

বহুবীজং—ক্লীং গণ্ডগাদং। আতা ভাষা। অ

বহুবীজা—স্ত্রীং গিরিকদলী। বীচে কলা ভাষা। রা।

বহুবীর্য্যঃ—পুং বিভীতকবৃক্ষঃ। বয়ড়া ভাষা। জ। তণ্ডুলীয় শাকং। চাঁপা নটে ভাষা শাল্মলী বৃক্ষঃ। শিমুল ভাষা। মরুবক বৃক্ষঃ। মরুয়া ভাষা। রা। [আমলা ভাষা। রা।

বহুবীর্য্যা—স্ত্রীং দুর্ব্বা। ভূম্যামলকী। ভুই

বহুশত্রুঃ—পুং চটক পক্ষী। চড়া ভাষা। শ।

বহুশল্যঃ—পুং রক্তখদিরবৃক্ষঃ। রাঙ্গা খয়ের গাছ ভাষা। দুষ্খদিরবৃক্ষঃ। খয়ের বিশেষ ভাষা ভা।

বহুশালঃ—পুং স্নুহী বৃক্ষঃ। সেজ ভাষা। রা।

বহুশিখা—স্ত্রীং জলপিপ্পলী। রা।

বহুসন্ততিঃ—পুং বৃক্ষ যষ্টিঃ। বেড়বাঁশ ভাষা। শ

বহুসম্পুষ্টঃ—পুং বিষ্ণুকন্দঃ। একরূপমূল। রা।

বহুসারঃ—পুং খদিরঃ। খয়ের ভাষা। দুষ্খদির বৃক্ষঃ। রা।

বহুসুতা—স্ত্রীং শতমূলী। অ।

বহুসূঃ—পুং স্ত্রীং শূকরঃ। শূকরী। শব্দর।

বহুস্রবা—স্ত্রীং শল্লকী। শ।

বহুস্বনঃ—পুং পেচক পক্ষী। পেঁচা ভাষা।

বহুক্ষারঃ—পুং সর্জ্জক্ষারঃ। সাবান ভাষা। রা।

বহুক্ষীরঃ—পুং সপ্তপর্ণবৃক্ষঃ। ছেতেন ভাষা রাজাতন বৃক্ষঃ। পিয়াল ভাষা। [ভাষা। রা

বহ্বপত্যঃ পুং স্ত্রীং শূকরঃ। মূষিকঃ। ইন্দুর

বা।

বাড়বঃ
বাড়বাগ্নিঃ } পুং বড়বানলঃ। সমুদ্রের আগুণ ভাষা। জ।

বাডিঙ্গনঃ—পুং বার্ত্তাকুঃ। বেগুন ভাষা। র।

বাণঃ—পুং নীল পুষ্প ঝিণ্টী ক্ষুপঃ। নীল ঝাটী ভাষা। ভা। অস্ত্র বিঃ। তীর ভাষা।

বাণগঙ্গা—স্ত্রীং রাবণ বাণনির্ভিন্ন সোমেশ্বর পর্ব্বত ভবনদী বিঃ।

বাণলিঙ্গং ক্লী নর্ম্মদা নদ্যুদ্ভব শিব লিঙ্গং।

বাণা—স্ত্রীং পুং নীলঝিণ্টি। অ। শরপুঙ্খা।

বাণাজ্যিঃ—পুং শরপুঙ্খা। বননীল ভাষা।

বাণিজঃ
বাণিজিকঃ } পুং বাড়বাগ্নিঃ। সমুদ্রের আগুণ ভাষা। মে।

বাদরঃ
বাদরা } পুং—স্ত্রীং কার্পাস বৃক্ষঃ। কাপাস ভাষা। শব্দর।

বাদিরং—ক্লীং বদর বৃক্ষঃ বিঃ। শেয়াকুল ভাষা।

